

যুগল নায়িকা ।

ষড়ুরসামোদ নাটক ।

প্রথম ভাগ ।

অকাশ্মান
সামবেদবিভরণার্থ
কাশীনিবাসী
পুজাপাদ পরমহংস পরিত্রাজকাচার্য
শ্রীমত্তারকত্রিলানন্দ সরস্বতী ঘৰৌন্দ বরের
অন্নেবাসী
সামবেদ ও শ্রীমত্তাগবতের
সম্পাদক

শ্রীব্ৰহ্মত সামাধ্যায়ি ভট্টাচার্য
বিৰচিত ও অকাশিত ।

কলিকাতা
কাব্যপ্রকাশ বহুলাভ
শ্রীকালিদাসমেন যন্ত্ৰসম্পত্তি দৰিয়া
অতি বহু ঘৃত্যিত ।

বুগল নায়িকা ।

ষড়ুরসামোদ নাটক ।

প্রথম ভাগ ।

প্রকাশ্মান
সামবেদবিতরণার্থ
কালীনিবাসী



পৃজ্যপাদ পরমহংস পরিত্রাজিকাচার্য
শ্রীমতারকত্রিশানন্দ সরস্বতী যতীন্দ্র বরের

অন্তেবাসী

সামবেদ ও শ্রীমতাগবতের
সম্পাদক

শ্রীব্রহ্মত্র সামাধ্যায়ি ভট্টাচার্য

বিরচিত ও প্রকাশিত ।

কলিকাতা ।

কাব্যপ্রকাশ ষন্মালয়ে
শ্রীকালিদাসমেন যন্ত্রসম্পাদক দ্বারা
অতি ষঙ্গে মুদ্রিত ।

গ্রন্থোপহার ।

পরম কল্যাণীয়

শ্রীযুক্ত বাবু শরচন্দ্র ঘোষ

বঙ্গ রঞ্জ-ভূমির

অবৈতনিক কার্যসম্পাদক

মহোদয়ের

শুভকরে

তদীয়

একান্তাশীর্ষাদক ও একান্তানুকম্পিত

গ্রন্থকার কর্তৃক

এই গ্রন্থ

অতীব ক্লিন্ত দীনয়ে, দাদুরে

সমর্পিত হইল ।

(ইতি)

তৃংঘিকা ।

এই নাটক খানি দশবিংশ আমোদপূর্ণ-স্বদরে বঙ্গ-সমাজে প্রকাশিত হইল ।

১ ম । দর্শকিগণকে ৪। ৫ ঘটিকার মধ্যে আদি, বীর, করণ, অন্তুত, ছাস্য, ভয়ানক এই ষড়বিধি রসাস্বাদনে পরিতৃপ্ত করা “ষড়রসামোদের” প্রধান আমোদ ।

২ ম । ৪। ৫ ঘটিকার মধ্যে স্বর্গ মর্ত্য ও পাতাল-তলের ভ্রমণাভিলাষ পূর্ণ করা ইহার দ্বিতীয় আমোদ ।

৩ ম । মৃত্য ও সঙ্গীত প্রিয়গণের আমোদ চরিতার্থ করা “যুগল নায়িকার” দ্বিতীয় আমোদ ।

৪ র্থ । পঞ্চরঙ্গের (পেঞ্চেটামাইগের) রঙে মনকে রঞ্জিত করা ইহার চতুর্থ আমোদ ।

৫ ম । বৈদিক সময়ের বৃত্তান্তের বধ, ত্রকার কল্পাগমনাপবাদ প্রভৃতির প্রকৃত রহস্য পরিগ্রহ করা ইহার পঞ্চম আমোদ ।

৬ ত । স্ত্রীস্বাধীনতার নিবারণ করা ইহার ষষ্ঠামোদ ।

৭ ম । স্ত্রীসমাজ ! আপনাদের চিরকালাবধি একটি কলঙ্ক ছিল, অন্ত পর্যন্ত অনেকামেক রঘণীরমণ রমণীপ্রাণ মহামহা কবিপুরুষ জন্মিয়াছেন কিন্তু কেহই সে কলঙ্কটী মোচন করিতে প্রয়াস পান নাই । সকলেই সামন্দে

সত্য বলিয়া একবাক্যে অঙ্গীকার করিয়া আসিতেছেন।
অদ্য আপনাদের সেই দুরপনেয় চিরকলক ঘোচন করাই
ইহার সপ্তম আয়োদ জানিবেন।

৮ ম। “রাজা” “মহারাজ” প্রভৃতি অভিনব উপাধি
ব্যাধি গ্রন্ত মহোদয়গণের উক্ত উৎকৃষ্ট ব্যাধি হইতে মুক্ত
করা ইহার অষ্টম আয়োদ।

৯ ম। বৈদিক সময়ের অন্তুত আধ্যায়িকা শ্রবণেচ্ছু-
গণকে এতদীয় আদিরসের স্বপ্নদর্শন শ্রবণ করান ইহার
নবম আয়োদ।

১০ ম। যৎসম্পাদিত শ্রীগন্তাগবতের ভূমিকাতে
লিখিত ‘কচ্ছনিঃসার পাণ্ডিত্য’ শব্দের অর্থ না বুঝিয়া
সকলপূজ্য টীকাকার শ্রীশ্রীধরস্বামীরে ‘নেড়াবৈরাগী’
বলিয়া গালি প্রদান করা হইয়াছে স্থির করেন, তাহাদি-
গণকে এতদীয় হাস্য রস পান করান ইহার দশম আয়োদ।

এইরূপে ইহাতে দশম দশাগ্রন্ত বলুবিধি আয়োদ
নিহিত হইয়াছে, কিন্তু যে পর্যন্ত পাঠকবর্গের পাঠ করিয়া
বিশুদ্ধচিত্তে ত্রি সকল আয়োদ হিতকর বলিয়া গ্রাহ্য হই-
তেছে না সে পর্যন্ত আমি এই বিষয়ে কৃতকার্য্য হইলাম
বলিয়া বিশ্বাস করিতে পারিব না।

যাহা হউক একশে পাঠকগণকে ইহার প্রণয়নের
উদ্দেশ্য অবগত করিতে বাধ্য হইতেছি।

বোধ হয় অনেকেই অবগত আছেন, আমাদের আর্য
ধর্মের প্রধান সামবেদ গ্রন্থ থানি রাঙ্কলা অঙ্কে সভায়
সানুবাদ ক্রমশঃ খণ্ড খণ্ড ক্রমে প্রকাশ করিতে আরম্ভ
করি। আমার এই শুভকার্যে ধার্মিকসংবাদারণেই সমধিক
প্রীতি লাভ করেন। প্রায় ৬ শত আক্ষণ পণ্ডিত ইহার
গ্রহণাভিলাষে মহারাণী সুর্ময়ীর নিকটে আবেদন করেন।
তাঁহাদের আবেদনের অভিপ্রায় এই ছিল, মহারাণী আমারে
ইহার প্রকাশার্থ বীতিমত সাহায্য করেন তাহা হইলেই
তাঁহারা আমার নিকট হইতে এক এক প্রস্ত উক্ত সামবেদ
গ্রহণ করেন। বলা বাহুল্য, তাঁহাদের সৈদৃশ উচ্চতমাশা
(সুমন্ত্রীর অভাবে) ফলবতী হইল না। যাহা হউক একেন্দ্রণে
আমি এই স্থির করিয়াছি, কাহারও দ্বারে যাইব না, এবং
কাহাকেও আর একাপ সাহায্য কার্যে লিপ্ত হইতে অনু-
মোদনও করিব না। কারণ, যখন দেশ বিদেশের প্রাতঃ-
স্নানণীয় প্রধান প্রধান পণ্ডিতগণ সমবেত হইয়া সাহায্য-
প্রার্থী ও বেদার্থী হইয়াও অক্ষতকার্য হইলেন তখন আর
কেন, আমারও এবিষয়ে নিরস্ত হওয়াই উচিত। আমি এই
ক্রম বিবেচনা করিয়া এই এক নূতনবিষ উপায় অবলম্বন
করিলাম। আমার এই ষড়রমামোদ মহানাটক প্রকাশ
করাই সেই উপায়। ইহা সম্প্রতি এক ১০০০মহস্য সংখ্যক
মাত্র মুদ্রিত হইয়া প্রকাশিত হইল। ইহার বিক্রয়লক্ষ অর্থ

দ্বারা যথানিয়মে (অর্থাৎ পূর্বে যেরূপ মাসে মাসে খণ্ড খণ্ড
ক্রমে প্রকাশ হইতেছিল সেইরূপে) পুনশ্চ উক্ত বেদ
প্রকাশ পূর্বক এন্ত সম্পূর্ণ করিয়া সেই সকল আবেদন-
কারী আক্ষণপশ্চিতগণকে বিতরণ করা হইবে। ফলতঃ
ইহা যদি বঙ্গসমাজে আদরণীয় হয়, আর আমাকে
যদি ইহার পুনঃ পুনঃ সংস্করণ করিতে হয় তাহা হইলে
অবশ্য এ আশা আমার চরিতার্থ হইবে অন্যথা সমুদায়ই
স্বপ্নরাজ্য বিলাসেই পরিণত হইবে সন্দেহ কি। পক্ষ-
স্তরে কলিকাতাস্থি বঙ্গ রঞ্জ ভূমির অবৈতনিক সম্পাদক
কল্যাণীয় শ্রীযুক্ত বাবু শরচন্দ্র ঘোষ মহোদয়ের গ্রায়
যদি আরও দুই এক জন মহাত্মা এইরূপ সাধুপ্রকৃতির
পরিচয় দেন তাহা হইলেও অবশ্য কৃতকার্য্য হওয়া
সম্ভব।

কলিকাতা	}	প্রকাশক
কাব্যপ্রকাশ যন্ত্র		শ্রীঅক্ষয়ত সামাধ্যায়ী।

ନାଟ୍ୟାଲ୍ଲିଖିତ ସ୍ଵର୍ଗଗଣ ।

୧୦୦୦୦୦୦୦୦

ପୁରୁଷଗଣ ।

ବୈରମିଂହ	ରମ୍ପୁଥୁପୁତ୍ର ।	ଚତୁମୁଖ ବ୍ରକ୍ଷା
ରମ୍ପିଂହ	ଧନପଥୁପୁତ୍ର ।	ପଥ୍ରବଜ୍ର ମହାଦେବ
ରମ୍ପୁଥୁମିଂହ	କାଶ୍ମୀରରାଜ ।	ଗଣେଶ
ଧନପଥୁମିଂହ	ଜନ୍ମର ମହାରାଜ	ଇଶ୍ଵର (ବା) ବାଯୁ କୁଦେର ଓ ତୀରାର ଅନୁଚର ସଙ୍କଗଣ ।
ଜନ୍ମମିଂହ	ଶୁଭ୍ରାଟିରାଜ ।	ରାମକିଶୋର ତକଚଞ୍ଚୁ
ବିଜୟମିଂହ	ପେଶ୍ୟାରରାଜ ।	ଅସିଂହର ପୁରୋହିତ ।
ଦୁଃଖମିଂହ	ଧନପଥୁଶ୍ୟାଳକ	ବିଦ୍ୟାରତ୍ନ)
ବୁଦ୍ଧିମାଗର	ରମ୍ପୁଥୁଗନ୍ତ୍ରୀ ।	ଅସିଂହ ମହାରାତକରତ୍ନ } ଜାର ସଭାହୁ ବ୍ରାହ୍ମଣ
ଦୀର୍ଘଦର୍ଶୀ	ଧନପଥୁଗନ୍ତ୍ରୀ ।	ଚୁଢାମଣି } ପଣ୍ଡିତଗଣ ।
ଶୁଭ୍ରତୁର	ଜନ୍ମମିଂହଗନ୍ତ୍ରୀ ।	ଦର୍ଶକ ଗ୍ରେ ସଭାର
ଶୁଭ୍ରତି	ବିଜୟମିଂହଗନ୍ତ୍ରୀ ।	ହୂରମହମ୍ମଦ ବରଦାର ପ୍ରେସିଙ୍କ ବୀଳକର ।
ରାମଦୟାଳପାତ୍ରେ	ଗ୍ରେ ଦୂତ ।	ବସନ୍ତକ ଜନ୍ମବାଜେର ବିଦ୍ୟୁତ୍ ।
ଶିବଦୟାଳ	ଅସିଂହର ଗ୍ରେ	ପୁଣୀନନ୍ଦ ସରକ୍ଷତୀ ଏକଜନ ଯୋଗୀ
ବିଦାନିଧିବାଚମ୍ପତି		ପ୍ରେମାନନ୍ଦ ଗ୍ରେ ଶିଶ୍ବା
[ରମ୍ପୁଥୁମିଂହର ପୁରୋହିତ		ଭୂତପ୍ରେତଗଣ ।
ଭାଗବତରତ୍ନ	ଗ୍ରେ ସଭାହୁ ବ୍ରାହ୍ମଣ	ମହାଦେବେର
ଲକ୍ଷ୍ମୀନାରାଯଣ ସେଟ୍		ନନ୍ଦୀ ଓ ଭର୍ତ୍ତୀ } ଅନୁଚରଗଣ
କଶ୍ମୀରେର ପ୍ରେସିଙ୍କ ବିନିକ୍		ଶ୍ଵତ୍ସିକ୍ ଚତୁର୍ବୟ ତଥର୍ବୈଦୋକ୍ତ
ରାମକ୍ରମ ତ୍ରିଲୋକଚର ମହର୍ଷି		ମାରଣକାର୍ଯ୍ୟ ଭାତୀ ।
ମହାଦେବ		ଶରୀରରକ୍ଷକ, ଦୋବାରିକ ଓ ଅ- ନ୍ୟାନ୍ୟ ଦୂତ ଏବଂ ପୁହରୀଗଣ ।
ମହାରାଜ ଚତୁର୍ବୟ		
ମହାରାଜ ପୁରୁଷଗଣ ।		
ଚତୁର୍ବୟ ନାରାୟଣ ।		

স্তোগণ ।

তঙ্গলতা জয়সিংহের কন্যা ।
তঙ্গলতা বিজয়সিংহের কন্যা ।

মাধবীলতা }
বিহুলতা }
কান্দধূল
সৌদামনী }
যমুনা দৃতী }
অ নঙ্গপত্নী }
রসিকা }
বতিরঙ্গনী }
গনোমোহিনী }
বাণিলাসিনী }
কালী }
করালী }
রাজবালা

রাজকুমারীর
সমবয়স্কা
সর্থীগণ ।
কুমারীগণের
মাতৃপ্রেরিতা
দৃতী ।
কামাখ্যার
মহারাণী ।
ঐ মন্ত্রিণীদ্বয়
পারিষদ
ঠুঠুদেবী
সুদেবী
ভজলেখা
ধনিষ্ঠিকা

মৌভাগ্যবতী }
মহিষী }
লক্ষ্মীদেবী
পার্বতী }
রাধিকা }
ললিতা }
বিশাখা }
চম্পাকলতা }
তৃষ্ণবিদ্যা }
রঞ্জদেবী }
গন্ধর্বিণীগণ }
ডাকিনী }
তাম্বুলকরকবাহিনী }
রামকিশোর তক
চধ্বুর কন্যা ।

রামকিশোর
তর্কচধ্বু মহা-
শয়ের ত্রাঙ্কণী ।
রণসিংহের মাতা ।
রামলীলার
সর্থীগণ ।
কিম্বরীগণ ।
মহামায়ার পরি-
চারিকা ।
গ্রহবিণী ।
শরীররক্ষিকা ও কামাখ্যার
যাত্রীগণ প্রভৃতি ।

কৃতজ্ঞতা স্বীকার ।

ঘৃতপ্রকাশিত সামগ্রেদের সাহায্যার্থ ষে ষে মহোদয় এই নাটক গ্রহণ পূর্বক সাহায্য দিতে কৃতসন্ধান্ত হইয়া-
ছেন, নিম্নে তাঁহাদিগের নাম ধার প্রকাশ পূর্বক কৃতজ্ঞতা
স্বীকার করিতেছি ।

১ম। মানকরাধিপতি প্রসিদ্ধ ভূম্যধিকারী শ্রীযুক্ত
হিতলাল মিশ্র গোস্বামী 'ভাগবতসিদ্ধান্ত বাগীশ' মহাশয়
নগদ ১০ দশ টাকা, পুস্তক ১০০ একশত * ।

০ এই পুস্তকগুলি স্বীয় বন্ধুবান্ধব এবং স্বীয় জমিদারির
বিশেষ বিশেব প্রজাগণকে প্রদান করিয়া তাঁহাদের নিকট
হইতে মূল্য আদায় করিয়া আমার নিকট পাঠাইয়া দিবেন ।

২য়। বাগনাপাড়া নিবাসী শ্রীযুক্ত পশ্চিম বিপিন-
বিহারী গোস্বামী 'বিদ্যাসাগর' — — ৫০ খানি ।

৩য়। লগলির কৌজদারী আদালতের প্রসিদ্ধ মোকার
শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র সরকার — — ৫০ খানি ।

৪র্থ। কলিকাতার প্রসিদ্ধ বঙ্গ-রঙ্গ-ভূমি [Bengal
theater] নামক অভিনয়মন্দিরের অবৈতনিক সম্পাদক
পরম কল্যাণীয় শ্রীযুক্ত বাবু শরচচন্দ্র ঘোষ মহোদয় ২৫
খানি পুস্তক গ্রহণ করিবেন এবং এই নাটক চারি রাত্রি
অভিনয় করিয়া এ চারি রাত্রের সমুদায় আয় আমার
প্রদান করিবেন ।

কৃতজ্ঞ
শ্রী ব্রহ্মকৃত সামাধ্যায়ী ।

ସୁଗଲ ନାୟିକା

ଷଡ୍ରମାମୋଦ ନଟିକ

ରଙ୍ଗ ଭୂମି ।

ସୁଗଲ ନଟୀର ପ୍ରବେଶ । କରଜୋଡ଼େ ସମସ୍ତରେ ନାନ୍ଦୀପାଠ ।

ରାଗିଣୀ ଖାନ୍ଦାଜ—ତାଲ ବାଁପତାଲ ।

ଅକୁଳ ବେଦ ନ ଭେଦ ଉଶ୍ଵରେ, ପରମ କଲ୍ୟାଣମୟ ମର୍ବିବିପଦବାରି ।

ନିତ୍ୟ ବାକ୍ୟ ଅପୌର୍ଵେୟ, ବ୍ରଜା ଆଦି ମୋହିତ

ଭାବିଯାଣ ଦିନାବିଭାବରୀ ।

ମହାଭୂମି ତେଜଃ ବନ୍ଧୁ ଅନିଲ ଆକାଶ ମନୋହାରି ।

ରବି ଚନ୍ଦ୍ର ତାରା ଆଦି ସ୍ଵଭାବେ ଘୋଷେ ମହିମା ଧୀର ଗନ୍ଧାନ ସେଇ ।

କୋଥା ମେ ବେଦେର ସମାଜ ? କୋଥାର ଆର୍ଦ୍ଦ ? ତବ ଧର୍ମ ?

କେନ ନା ହେରି ।

ଶୁବିଧ୍ୟାତ ଛିଲ ସଦା ଆର୍ଦ୍ଦଭୂମି ପରିତ୍ର ବେଦେତେ, ମେ ଗୌରବ
ସବେ ଶିରେଛେ ପାଦରି ।

ଦେଇ ହେତୁ ଭୂମି ! ମଲିନା ଭୂମି ! ଚିନିତେ ମା ପାରି ।

ଅନୁତ୍ତ ବୈଦିକୀ କୀର୍ତ୍ତି ଅନ୍ତ ହୟ, ଦେଖିଯେ ଆତକେ ମରି ।

ହେ ତ୍ରୀମର ! ଖକ-ସଜୁ-ସାମ-ବେଦେର ସ୍ଥାନୀ !

ଅକାଶ କର ବଜେତେ ତବ ଧରମ ଜ୍ୟୋତି ସଦା, ବେଦାର୍ଥ ପ୍ରଚାରି ॥

[ନଟୀର ପ୍ରଶ୍ନା ।

ପଟପ୍ରକ୍ଷେପ ।

ଦୃଷ୍ଟିପାପ

ষড্রসাঘোদ-নাটক ।

প্রথম অঙ্ক ।

(গুজর্জ)

পুষ্পবাটিকা—বিলাস ভবন ।

কুমারী তক্ষলতা ও কুমারী তনুলতা বিবাহ
ভাবে সচঞ্চল আসীনা ।
একজন গানপরা ।

গীত ।

টোরী—আড়া ঠেকা ।

“ আশা রে ওরে !

ধার লাগি আশা, তারে ভালবাসা,
হোলো না রে !

যে তোমারি ছুল কায়, সজ্জেতে লইবে কায়,
পায় পায় নিকপায়, সঙ্গী কেহ হোলো না রে ! ”
সবে দ্বাত্র সঙ্গী পণ, সমূলে করে নিধন,
নয়ন জুড়ান ধন, কারো হত্তে দেয় না রে !
থাক আশা পণ লয়ে, লোকলাজ-ভীত হোয়ে,
যৌবন জীবন লয়ে, চলিয়—চাহি না তারে !

তনু । সখি ! আমাদের ভাই বড় কুকুর্হ হয়েচে । কেনই বা আমরা, লজ্জার মাতা খেয়ে, পিতার কাছে, একল পারিতোষিক চাইলাম ? আর কেনই বা একল মৃত্তি ছাড়া প্রশ্ন ক'রে প্রত্যাহ রাজপুত্রগণের অপমান কর্তৃত ত্রুতি হোলেম ?—আর কিছু নয়, এখন দেখ্চি একুল ওকুল হুই গেল !

তক ! কি আশ্চর্য ! জগৎ কি এমনিই মুর্খবল্ল হয়ে গেছে ? আমাদের প্রশ্নাত্তর কি কেহই করতে পারণ হলো না ?—না—তা নয় ভাই, আমাদের অনুষ্ঠে বুঝি—চিরকালই অনুচ্ছা হয়ে থাকতে হবে !! তাতেই একল ঘটনা ঘট্চে ! উঃ—(অঙ্গের বন্ত্র প্রক্ষেপ)

তনু । (তকর ও নিজের, চক্ষে ও গাত্রে সুগন্ধিজল প্রক্ষেপ) কেমন সখি ! বড় গৌম বোধ হচ্ছে না ?

তক ! (মৃহু মৃহু ছাস্য পূর্বক) সখি ! এ যে বাহ্য গৌম নয় । বাহ্য গৌম হলে অবশ্য সুগন্ধি দ্রব্যের ব্যবহারে উপশম হোতো ! (বক্ষে হস্তপ্রক্ষেপ) ভাই ! এখন আমাদের অন্তরেতে যোবনাগু যে, হু হু করে জোলচে, ইয়ের উপরে বাহ্য শীতলতা করলে, অবশেষে কুস্তকারের পাঁজার উপরের পক্ষ লেপের মতন হোয়ে উঠবে ! তা, থাক ভাই, আর কাজ নেই । (হস্ত হইতে সুগন্ধি জল-পাত্র গ্রহণ ও রক্ষণ)

ଗାଇତେ ଗାଇତେ ବୃତ୍ୟ କରିତେ କରିତେ ବିଦ୍ୟାଲୟତା
ଓ ମାଧ୍ୟବୀଲତାର ପ୍ରବେଶ ।

गीत ।

ରାଗନୀ ବିବିଟ-ଧାସାଜ—ତାଳ ଖେମଟା ।

ଯାଇ ଯାଇ ହାଇ ମଣି ! ଏ ତବ ଘୋବନ ଭାବି ।

জীবন ঘোবন বল কবে রয় চির সাথি ?

বিফল করিছ সখি ! দারুণ শরবে মাতি ॥

ତକ । ବେଶ୍-ବେଶ୍, ଉତ୍ତମ ନୃତ୍ୟ ହେୟେଚେ । 'ନାଓ ଭାଇ ଏଥିନ ଏକଟୁ ବିଶ୍ରାମ କରିବାକୁ ହାତ ଧରିଯା ମର୍ମାପର୍ମା କରଣ ।

বিদ্যুৎ ! কেন রাজবালা ! আজকে হঠাতে এমন
বিষণ্ণ ভাব দেখুচি ? আমাদের কি কিছু দোষ হয়েচে ?
আজকাল ত ভাই তোমাদের বল কষ্টে উপার্জিত বিদ্যার
কল, হাতে হাতে, কেবল কোলের দিগে টেনে নিলেই হয় !
তবে কেন এমন আনন্দের সময়ে বিধাদ এসে উপস্থিত
হোলো ? সখি ! বল না ভাই, এর কারণ কি ?

ଶାର୍ଦ୍ଦ । (ସହାଯେ) ହଁ ଲୋ ହଁ—ନେକା ଆର କି !
ଇଯେର ଆର କାରଣ କି, ବୁଝିବେ ପାଚେ ନା ? କୁମୁଦଲଭା
ବୁକ୍ ଆଶ୍ରମ ନା ପେଲେଇ ଏକଥିରୁ ଶୁକ୍ରଜୀବନ ହୁଯ ?

ବିଦ୍ୟୁତ । (ମହାନ୍ତେ) ତାଇ ! ଆମରାଇ ବା କୋନ୍ ଏକଟା ଦେବଦାକ ଆଶ୍ରଯ ପେଇଯେଛି,—ତା ଯା ହୋକୁ, କାଳକେ ତାଇ ଶେଷ ରାତିରେ ବଡ଼ ଆଶ୍ରଯ ଏକଟା ସ୍ଵପନ୍ ଦେଖେଚି, ତା—

ତମୁ । (ବ୍ୟକ୍ତଭାବେ) କି, କି, ସଥି ! କିନ୍ତୁ ସ୍ଵପନ୍ ଭାଇ ?

ତକ । ସଥି ! ସଦି ଦୁଃସ୍ଵପ୍ନୀ ହୁଏ, ତା ହଲେଇ ବଲ, ଥ'ଣେ ଥାବେ । ନଇଲେ କାଜ ନେଇ ତାଇ, ଆମରା ଶୁଣୁତେ ଚାଇ ନେ ।

ବିଦ୍ୟୁତ । ତା—ତା—ଦୁଃସ୍ଵପନଇ ହଟକ, ଆର ସୁସ୍ଵପନଇ ହଟକ, ତାଇ ଆମି ତୋ ନା ବୋଲେ ଥାକେ ପାଞ୍ଚି ନେ ।

ମାଧ୍ୟମ । (କିଞ୍ଚିତ୍ ଉଚ୍ଛବାଦ୍ୟ) ଆଜ୍ଞା ତାଇ, ତବେ ବଲେ-କେଲ । ଏକାନ୍ତରେ ସଦି ତୋମାର ନା ବଲେ, ପେଟେର ଅନ୍ ପରି-ପାକ ନା ହୁଏ, ତବେ ବୋଲିବେ ବହି କି । ତା—ବଲ ତ ତାଇ, କିନ୍ତୁ ସ୍ଵପନ୍ ଦେଖେଛିଲେ ?

ବିଦ୍ୟୁତ । ଦେଖ ତାଇ, ଆମି ଧେନେ ସ୍ଵପ୍ନେ ଦେଖିଲାମ୍, ଆମରା ଦୁଇନେ ଆପନ ଆପନ ପିତା ମାତାର ନିକଟ ପରିତ୍ୟକ୍ତ ହ'ଯେ କୋନ ଏକଟା ନଦୀତିରେ ବସେ ରୋଦନ କଢି । ଏମନ ସମୟ ଦେଖି କି, ଏକଜନ ଝବି, ବୃଷତ ଓ ମହିଷେର ଜୁଡ଼ି କରେ, ସୁଜଳଜ୍ଞାଯା ସଜ୍ଜିତ ହୁଏ, ସେଇ ଥାନେ ଏମେ ଉପର୍ଦ୍ଧିତ ହୋଲେନ୍ । ତାର ପର ଆମାଦିଗଙ୍କେ ଧେନ ବୋଲିଲାମ୍, “ଆମାର ନାମ ଶୁଣିଲ ଝବି—ତୋମରା ଦୁଇନ ଆମାର ପରା ଓ ଅପରା ଶକ୍ତି, ଅତଏବ

ক্রম্ভূন করো না । তোমাদের আর ভাব্বনা কি ? এসো, আমার এই রথে আরোহণ কর ।” কি বোল্বো সখি ! (ইবৎ হাস্য) বল্তেও লজ্জা হয় । আমরা তাঁর সেই সুলিলিত প্রেমপূর্ণ কথা শুনে ও তাঁর সেই দিব্য লাবণ্য দেখে, এমনই মোহিত হোয়ে গেলাম্বে, তিনি তার পর আমাদিগকে কখন্ত রথে তুলে নিলেন, তা আর কিছু-মাত্র জান্তে পারলাম্ব না ।

তবু । তার পর—তার পর ভাই । বাঃ এ তো বড় অস্তুত স্বপন দেখি ।

বিদ্যুৎ । তার পর তিনি একলে আমাদিগকে হরণ করে, একেবারে রাজর্ষি শুভর্ব রাজার রাজ্যে উপনিষিত । সেখানে, মহারাজ শুভর্বের সঙ্গে উপর্যুপরি দুইবার যুদ্ধ করেন । প্রথম বার রাজারে পরাজিত করেন । তাঁহার সহস্র গোধন হরণ করে আনেন । কিন্তু সখি ! দ্বিতীয় বারের যুদ্ধে তাঁর সেই দুবত ঘরিষের জুড়িটী আহত হ'ল । দুবতটী রক্তাক্তকলেবর হয়ে অকর্ম্য হয়ে গেল । মহিষটীত একেবারে শমনসদনের অতিথি হল । মুদ্যালাচার্য এই-জলে পরাজিত হয়ে, সেই জুড়ির জন্য বহুতর বিলাপ কর্তে কর্তে, ক্ষিপ্তপ্রায় হয়ে, সেখান হতে একেবারে অন্তর্ধান হয়ে গেলেন । সখি ! তার পর ভাই আমরা যেন তাঁর বিরহানলে দুঃখ হয়ে মৃথহীন মৃগীর ন্যায় বনে বনে “ হা

স্বামি ! হা স্বামি ! ” করে অমগ্ন কর্তে লাগলাম् । এইরপে অমগ্ন কর্তে কর্তে দেখি কি, এক স্থানে একটী সিংহ ও একটী ব্যাক্রি, পরম্পর ঘোরতর ঘূঁঢ় কচে । উঁঃ—মনে কল্পে, এখনও হ্রৎকম্প হয় । সখি ! সেই বিভীষিকা দেখেই আমার স্বপ্ন ভেঙ্গে গেল । কিন্তু মনটা যে—সে অবধি কেমন এক রকম হয়ে গেছে—তা—আর সারচে না ।

মাধব । তোমার কাল রাত্তিরে বাতিক বৃংজি হয়েছিল, তা নইলে, সহজ শরীরে ত ভাই এক্ষণ স্বপ্ন কেউ কখন দেখে না । সন্তুষ্টও নয় । তা যাক, ওসকল কথায় আর কাজ নেই । এখন এসো, আমাদের রাজকুমারীদের নিয়ে দুটো আমোদ প্রমোদের কথা কওয়া যাক ।

তব । (নতমন্তক হইয়া দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ । উদ্গ্রীব হইয়া) সর্থিগণ ! তোমরা যাই বল না কেন, এ স্বপ্ন, ভয়ানক দুঃস্বপ্ন বলে আমার অন্তরাজ্ঞা সাক্ষ্য দিচ্ছে । আমার স্পষ্ট বোধ হচ্ছে, এসকল আমাদেরই ভাবী ঘটনা, তার আর সন্দেহ নেই । এ স্বপ্নটী সামান্য মনে করো না । ইয়ের ভাব বুঝা সহজ নয় । ইয়ের ডিতরে অনেক নিঘঢ় কথা আছে ।

তবু । আরে না, না, স্বপ্নও কি আবার সত্য হয় ! তা যাক, মিথ্যে মিথ্যে, অকারণ ভেবে আর কি হবে ? (মুখ প্রত্যাবর্তন) কেমন মাধবি দিদি ! আজ্ঞ এখনও যে কাদ-

বিনী ও সৌন্দর্যনীর দেখা নেই, ইয়ের কারণ কি? তোমাদের সঙ্গে কি তাই দেখা হয়েছিল?

মাধু। আমার বোধ হয়, আজ্ঞ তারা রাগ করে আস্তে না।

তব। (ব্যস্তভাবে) কেন কেন সখি! রাগের কারণ কি? তাদের কি কেউ অপমানের কথা বলেচে?

মাধু। হাঃ (হাস্য পূর্বক) আমরা শুনেছিলাম, মানুষ যেমন অবিদ্যাতে অঙ্গ হয়, তেমনি আবার বিদ্যাতেও অঙ্গ হয়। কিন্তু এ কথায় আমাদের বড়ই সন্দেহ ছিল, কেন না, বিদ্যা যে অবিদ্যার বিরোধী। বিজ্ঞানের কি কখন অবিজ্ঞা অঙ্গকার থাকতে পারে? এত দিনে তাই এ সন্দেহটি আমার গিয়েচে। তোমাদের অবস্থা দেখে, আমার বেশ বিশ্বাস হচ্ছে, মানুষ অবিদ্যার ন্যায় যথার্থই বিদ্যাতেও অঙ্গ হয়, তার আর কোন সন্দেহ নেই। ভাল, দেখ দিখি সখি! এও কি আবার তোমার জিজ্ঞাসা? কেনই বা তাদের রাগ হবে না? স্থখের স্থূলী দুখের দুর্থীমাত্রেই ইয়েতে রাগ হবার সন্তান। দেখ রাজকুমারিগণ! তোমরা একে রাজকুমারী, সকলেরই মাতার মণি, তাতে আবার বিদ্যায় সাক্ষাৎ সরস্বতী। তোমরা শেষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে, আপন আপন পিতার নিকট, ইচ্ছামত পারিতোষিক লাভ

করেচ। পারিতোষিক বোলে পারিতোষিক! সত্য যুগ অবধি এ পর্যন্ত কেহই একুপ পারিতোষিক লাভ কর্তে পারেন নি। শুনেচি—দময়ন্তী প্রভৃতি অনেকানেক আর্যকামিনীগণ স্বয়ংবরা হয়েছিলেন বটে, কিন্তু পরীক্ষা পূর্বক স্বয়ংবরা হওয়া তোমাদেরই ভাই এই মূত্তন মৃষ্টি। তাল, তাই হোলো, একটু না হয় সহজ সহজ প্রশ্নই কর, তা ও হবে না। তবে সত্য সত্যই তোমাদের এই এক পরীক্ষাচ্ছলে ধনী মানী রাজপুত্রগণের প্রত্যাহ অপমান করাই উদ্দেশ্য ? সখি ! তোমাদের একুপ অসৎ উদ্দেশ্য দেখে, কার না আন্তরিক রাগ হয় ?

বিদ্যুৎ। হাঁ, সখি ! যথার্থ—ঠিক বোলেচ। এমন্ত কারু পাষাণহৃদয়, এমন্ত কারু নীরস মন্ত—আহা অমন্ত সব চাঁদ চাঁদ রাজপুত্রগণেরও কি চক্ষে জল কেলা দেখা যায়। আহা ! কাল কের রাজপুত্র দুটীর কি অনুপম রূপলাবণ্যই ছিল ! কি সুন্দর বাকুচাতুরিই ছিল ।

সহসা গান গাইতে গাইতে মৃত্য করিতে
করিতে মালাহস্তে কাদহিনী ও
সৌনামনীর প্রবেশ ।

ଶୀତ ।

ବ୍ରାଗିଣୀ ବାହାର—ଖେଗ୍ଟା ।

ମବୀମ ନାଗରସନେ, ମିଲିବେ ନବ ଲଲନା ।

ଯଧୁର ମାଧୁରୀ ମରି ମିଲେ ନା ତାହାର ତୁଳନା ।

କୁମ୍ଭମ ପ୍ରସମା ଦାର, ଏହି ସେ ମୋହନ ହାର,

ଶୋଭିଲେ ଯୁଗଳଗଲେ, ଶୋଭାର ସୀମା ରହେ ନୀ ॥

ମାଧ । (ମଙ୍ଗଳତା ବିଦ୍ୟା ଓ ଚମ୍ପକକେ ଉଠିଯା ଗାଇତେ
ଅନୁଯାୟି ।)

କାନ୍ଦିନୀ ଓ ସୌଦାମନୀର ସହିତ ବିଦ୍ୟା ଓ ଚମ୍ପକେର ଓ
ଐନୁପ ଲୃତ୍ୟମହ ଗାନ ।

(ଅନ୍ତର ସକଳେର ଉପବେଶନ)

ତର । କେମନ କାନ୍ଦିନୀ ! ତୋମରା ଭାଇ ଆଜ୍ଞକେ ଏତ
ଶୀଆ କେମନ କରେ ଏଲେ ?

କାନ୍ଦ । ଆର ସାଓ ସଥି, ରହନ୍ତୁ କରେ ହବେ ନା ।
ତୋମାଦେର ଲୀଲା ତୋମରାଇ ଜାନୋ । ବିଲସ କି ଆର ମାରେ
ଛୟ ! ଏହି ଏକ ପରୀକ୍ଷାଛଲେ ରୋଜ ରୋଜ ଅଧନ୍ ଅଧନ୍
ଶୂର୍ଯ୍ୟବଂଶୀୟ ମହାମାତ୍ର ରାଜପୁତ୍ରଗଣେର ଅପମାନ କରେ,
ଆସରା ତୋମାଦେର ମନ୍ଦେ ବଦେ, ଆନନ୍ଦେ କରତାଲି ଦିବ ଆର

কি ? আজকে আর আসবইনা মনে করেছিলাম, তার পর হঠাৎ পুরোহিত ও গণকঠাকুরের সঙ্গে দেখা হোলো । গণকঠাকুর গোণে বোল্লেন, “ যা ও আজকে তোমরা মনের সহিত আনন্দ কর গে, আজ তোমাদের রাজকুমারী-দের নিশ্চয়ই অহংকার চূর্ণ হবে । ” সখি তার পর তাই পুরোহিতঠাকুর যে রহস্যটা কল্পেন, তা—আর কি বোল্লবো । তিনি গণকঠাকুরের মুখে এইরূপ কথা শুনেই বলে উঠলেন—“ তবে আমি ও এই চল্লেষ, ঠাকুরঘরে বসে স্বস্ত্যয়ন করিগে, যে পর্যন্ত তোমাদের রাজকুমারীদের পরাজয় না হবে, সে পর্যন্ত, জেনো, শর্মারাম জলগ্রাহণ কর্বেন না । ” যাই হোক, এইরূপ কথা শুনে অবধি, ঘনটা কিছু আনন্দিত হয়েচে । তাই সখি এখন এলেম, নইলে—মনেও ক'রো না (নিবেধমুচক হস্তভঙ্গি) ।

সৌদা ! (তনুর চিরুক ধরিয়া) দেখ রাজবালা ! আজ তোমাদের দর্পহারী ভগবান্ত শুভ দর্প চূর্ণ কর্বেন, এমন নয়—পরাধীনতা স্বরূপ বিবাহ-বন্ধনে আবদ্ধ করে, প্রেমের সাগরে, অকুল পাথারে ভাসিয়েও দেবেন ।

অন্ত্যান্ত সখিগণের ঘৃঙ্খ ঘৃঙ্খ হাস্য এবং

তন্ত্র ও তন্ত্র লজ্জায় অধোবদনা ।

তক ! (কিঞ্চিৎ পরে উদ্বৃত্তি হইয়া) দেখ সখিগণ ! তোমাদের তাই 'আমাদিগকে এমন করে ভৎসনা করা

কি উচিত ? আমরা দৈব বিড়ুলনায় ভূমে পড়ে, যা প্রতিজ্ঞা কর্বার করে ফেলেচি । এখন কি আর তার পরিবর্তন হওয়া সম্ভব ? (স্বর পরিবর্তন) আজ কাল রাজপুত্রগণ যে অপমানিত হচ্ছেন, তা এই ঘটনা ক্রমেই । আমরা কিছু ইচ্ছা করে প্রার্থনায় রঞ্জে পদাঘাত কচিনে । তারা জেনে শুনেও জুলন্ত অনল স্পর্শ কর্তে এসেন, তায় আমাদের দোষ কি বল ?

চপলা ও সরলার সহিত বীরসিংহ ও রণসিংহ
নামক রাজপুত্রদের প্রবেশ ।

মাধবী । (উপ্থিত হইয়া) আস্তুন, এই আপনাদের বসিবার স্থান । (আসন নির্দেশ)

বীর । তাল, থাক, আমাদের বসিবার স্থান, আমাদের ক্ষমতা থাকে ত স্বয়ংই করিয়া লইব ।

মাধব । (ঘৃঘৃ হাস্যে) কুমারগণ ! সত্য বটে, আপনাদের এ কাষ্ঠাসন কিছু বস্বার উপযুক্ত স্থান নয় । কিন্তু তাও বলি, চপলতা মার্জনা করবেন, আপনাদের যাহা উপযুক্ত স্থান, তাহা একশে অদৃষ্ট অঙ্ককারে পোর্তের আচ্ছন্ন হয়ে আচে ।

রণ । (স্বগত) কি আশ্চর্য ! এ কুমারীসভা ত সামান্য নয় । সখিগণেরই এমন বাকুচাতুরী, না জানি

রাজকুমারীদের কতই গুর্জন হবে ! (প্রকাশ্টে) আচ্ছা
বেশ, দেখাই যাক, তোমাদের রাজকুমারীদের অকলক
পূর্ণ বিধুবদনের উদয়ে, কতক্ষণ আর আমাদিগকে অবিড়া
হনে আবৃত হোয়ে থাক্কে হয় ?

উভয়ের নির্দিষ্ট স্থানে বৌরাসনে

উপবেশন ।

সোদা । (উপ্রিত হইয়া করজোড়ে) রাজকুমারগণ !
আপনাদের আগমনে, আদ্য এই কুমারীসভা আলোকিত
হইল । এক্ষণে আমরা সভার স্বীয় স্বীয় কর্তব্য কার্যে
নিযুক্ত হইতেছি (উপবেশন) ।

পত্রহস্তে কাদঘনীর উত্থান

(পত্র পাঠ আরম্ভ)

প্রাতাপে রাবণ যিনি, বিক্রমে রাঘব,
ধনে ধনাধিপ ! হারে, রূপেতে কন্দর্প,
গুর্জর অধীশ সেই জয়সিংহ রাজ,
বিদ্যাবুদ্ধি-পূর্ণগর্তা দেখি তনয়ারে,
দিয়াছেন স্বাধীনতা স্বাধীন স্বদয়ে ।

“ পরীক্ষা করিয়া বর, বর’ অকাতরে ”
সাধিতে আদেশ এই, সদানন্দমনে
নৃপবাল্য অধিবৌরে, বিরচিয়া প্রশ্ন,
পড়িতে সভাতে সদা করেন আদেশ ।

ନିଯମ ତାହାତେ କିମ୍ବୁ ଆଛୟେ ଇହାର,
ଦିତେ ହବେ ପ୍ରଶ୍ନୋତ୍ତର ଦର୍ଶନ-ଦର୍ଶନେ ।

ଅଥ ପ୍ରଶ୍ନଃ ।

ଅନାଦି ପ୍ରକୃତିଶୃଷ୍ଟି ବିଚିତ୍ର କୋଶଳ,
ବିପୁଲ ଅଞ୍ଚାଣେ ଯତ ହିତେହେ ପ୍ରତ୍ୟକ୍ଷ,
ପୁରୁଷ ସମ୍ବନ୍ଧ ବିନା ସକଳି ଗଗନ !!

ଅସ୍ତ୍ରବ ! ଅତ୍ୟଲୀକ !! ଖପୁଞ୍ଚ ଯେମନ ।

ଅତ୍ୟବ ଦର୍ଶନାଦି ଶାସ୍ତ୍ର ଯତେ ଏହି
ପୁରୁଷ ପ୍ରକୃତି ଦୁଇ ଅନ୍ୟୋନ୍ୟ ଆଶ୍ରଯେ
ଆଛୟେ, ଅନ୍ତରେ, ବାହ୍ୟ—ସକଳ ଶରୀରେ ।

ପୋର୍କସ ଚିତନ୍ତ୍ୟ-ବିଷ ପାଇଲେ ପ୍ରକୃତି,
ଶୃଷ୍ଟି ଶକ୍ତି ତବେ ତୀର ହୟ ବିକସିତ ।

ଏବେ ଶୁନ, ବଲି ପ୍ରଶ୍ନ, ଅନୁଟା ବାଲାର ।

ପ୍ରକୃତି ପୁରୁଷ ଯଦି ନର ଓ ନାରୀର
ଅନ୍ତରେତେ ଅନ୍ତରିତ ଆଛେ ସମଭାବେ ?

ତବେ ବଲ, କେନ ମୋରା କୁସଂକ୍ଷାର ବଶେ,
ଅକାରଣ ସଂଜ୍ଞାଭେଦ କରି ‘ଶ୍ରୀ-ପୁରୁଷ’ ?

ବେଦମତେ ପୁଂ ସ୍ତରପ ଆଜ୍ଞା ବଲ ଯଦି,
ତାହା ଓ କିଳାପେ ହବେ ? ଦେଖ ବିବେଚିଯା,
‘ଆଜ୍ଞାହୀନ ଶ୍ରୀଶରୀର’ ବଲିତେ କି ପାର ?

কেন তবে—‘নর নারী’ সংজ্ঞাতেদ কর ?
 যদি সংজ্ঞাতেদ যিথ্যা, উভয়ে উভয়
 প্রকৃত প্রক্তাবে ? তবে বল, কারে, শুধু
 পুরুষ বিশ্বাসে আমি পাণিদান করি ?
 নর কিংবা নারী বল দেখি, হবে কে বা
 এ পাণি-গ্রহণ-ক্ষম ? “নাই নর নারী”
 যত দিন এই প্রিয় রহিবে অন্তরে,
 রাজন্ম ! তত দিন যম এই ভাবে যাবে
 নশ্বর জীবন । যদি, কেহ দিতে পারে
 “ নর নারী ” উপদেশ, তারেই পুরুষ
 বলি—আমি আপনারে যানিব রমণী !
 নতুবা সকল্প যম এই ব্রতে অতী ।

(পত্র ঢাকিয়া উপবেশন)

বীর ! সখিগণ ! শুন তবে প্রশ্নের উত্তর ।
 দিতেছি নিয়ম যতে দর্শন-দর্শনে ।
 যদিও বিভিন্ন দেহী নহে স্ত্রীপুরুষ,
 যদিও উভয়ে আছে উভয় স্বরূপ,
 যদিও পরমার্থতঃ নাহি দেহী ভেদ,
 তথাপি কার্য্যত হয় দেহেতে বিভেদ ।
 স্মৃতরাং হয়েছে এবে সংজ্ঞারো বিভেদ ।
 পুরুষের-স্বতন্ত্র সাংখ্য পাণিনৌয়ে

ପ୍ରକୃତୀ ଅଧୀନା ତାର ଚିତନ୍ୟ ଲଭିଯେ,
ପୁରୁଷ, ମଂସାରେ ମଦା, ମଂସର୍ଗେ, ବିଶ୍ଵାସ
ହନ ସ୍ଵାତନ୍ତ୍ର୍ୟ ସ୍ଵରୂପ ; ଆଲୋକେ, ମଂସର୍ଗେ
ଯଥା ରତ୍ନମା ପ୍ରକାଶ । ଏହି ହେତୁ ସଥି !
ତାର ମୁକ୍ତି ହୟ ସ୍ବୀରୁ “ସ୍ଵତନ୍ତ୍ର୍ୟ” ଜ୍ଞାନେ ।
ସାଧୁମଙ୍ଗ ଶାନ୍ତିଜ୍ଞାନେ ଦେଇ ସ୍ଵତନ୍ତ୍ର୍ୟ
ଶ୍ଫୁରିତି ପାଇ ଯବେ, ଛାଡ଼ି, ତଥନି ମଂସାର,
ହନ ତୁରୀୟ ଆଶ୍ରମୀ । (ଇହା କେ, ନା ମାନେ
ମୂଳିତି ହୟ ଅନାୟାସେ ତୁରୀୟ ଆଶ୍ରମେ ?)
ଏଇଙ୍କିପେ ପ୍ରକୃତିର ପରତନ୍ତ୍ର ଭାବ
ସ୍ଵଭାବତଃ । ସ୍ଵତନ୍ତ୍ର୍ୟ, ତାର ଭୟରାଜ୍ୟ ।
କେ ନା ଜାନେ ପ୍ରକୃତିତେ ସ୍ଵାଧୀନତା ଚିନ୍ତା
ନାହିଁ କୋନୋ କାଳେ ? ଏହି ହେତୁ ମୁକ୍ତି ତାର
ହୟ ନା କବୁ ସ୍ଵତନ୍ତ୍ରା ହୋଲେ । ସୈରିଣୀ ଶ୍ରୀ—
ମେଓ କି କଥନ ମୁକ୍ତ ହୟ ? ବେଶ୍ୟାଓ କି
କର୍ତ୍ତ୍ଵ ଲଭିତେ ପାରେ କର୍ତ୍ତାର କର୍ତ୍ତ୍ଵରେ ?
ଅତଏବ ଶ୍ଵିର ଏହି—ନର ନାରୀ ପକ୍ଷେ,
ସ୍ଵଭାବତଃ ଓ କାର୍ଯ୍ୟତଃ ଦେଖିବେ ଯାହାତେ
ସ୍ଵତନ୍ତ୍ର୍ୟ, ଦେଇ ଜାତି-ଶରୀର ପୁରୁଷ ।
ଆର ସ୍ଵଭାବେ ଭାସିବେ ଯାତେ ଅଧୀନତ
ଦେଇ ଦେ ଜାତି-ଶରୀର ନାରୀପଦ ବାଚ୍ୟ ।

এবে দেখ সখি ? মনে মনে বিবেচিয়া,
 পীন-পরোধর-ভার-ন্ত্রা নিতিষ্ঠিনী
 স্বকেশা স্ববেশা হরি-মধ্যা বিলাসিনী,
 এই জাতি-দেহ হয় কি না পরতন্ত্রা ?
 স্বভাবতঃ গর্ভী দর্পী আয়স শরীর,
 শ্বেত লোম শোভা পার যাহার বদনে
 সে জাতি-দেহ কি কভু “স্ব-ভাবে” (১) অধীন ?
 কর বিবেচনা এবে কেবা নর নারী ?

মাধবী । (উত্থিত হইয়া পত্র দেখিয়া প্রশ্ন পাঠ) .

পেশোয়ার অধিপতি শ্রীবিজয়সিংহ ।
 কঘলা যাঁহার অক্ষে থাকি কলক্ষিনী ।
 কীর্তি নারী পত্নী যাঁর ত্রিলোকচারিণী ।
 হংসী সম শুভকায়া হইয়া সম্প্রতি
 ত্রিলোক ছাড়িয়া সত্যে করিতেছে কেলী ।
 প্রাণাধিকা আভ্যজারে বন্ধুকন্তাসমা
 বিজ্ঞাবতী দেখি তিনি করেন আদেশ ।
 “ হও তথা স্বয়ংবরা দিলাম আদেশ,
 বন্ধুমুতা তকলতা লভিয়াছে যথা । ”

(১) অর্থাৎ প্রাক্তিক পারতন্ত্র্য ধর্মে ।

ପିତା କାହେ ବୃପବାଲା ଲଭି ଏ ଆଦେଶ,
 ରଚିଯା ଦିଲେନ ପ୍ରଶ୍ନ, ଦିଲେନ ଆଦେଶ—
 ପରୀକ୍ଷା କରିତେ ଘୋରେ, ରାଜପୁତ୍ରଗଣେ ।
 ଏହି ପ୍ରଶ୍ନ ଶୁନ ତୀର ରାଜେନ୍ଦ୍ର କୁହାର !
 ପୁରୁଷ ଅପେକ୍ଷା ନାରୀ ବିଶ୍ଵଗ ଆହାରେ ।
 ବୁଦ୍ଧି ତାର ଚତୁର୍ବୀନ, କହେ ମର୍ବ ଲୋକେ ।
 ସ୍ୟବମାର ହୟ ତାର ସତ୍ତ୍ଵଗ ଅଧିକ ।
 ଅଟ୍ଟଣଗ ହୟ ତଥା ଅନୁଷ୍ଠାରୀର ।
 ଆହାରେ କଲକ୍ଷ ଏହି ଚିରକାଳ ହତେ ।
 କେମନ ଏ କଥା ! ହାଯ, ପ୍ରଳପିତ-ପ୍ରାୟ !
 ପୁରୁଷାପେକ୍ଷା କେ କବେ ଦେଖେଛେ ରମ୍ଭି
 କରେ ଦିଶ୍ଵଗ ଆହାର ? ଜାନେ ନା କି କେହ
 ଅବଲାଗ, ପୁରୁଷର ଘାୟ ବାର ବାର
 ନାଇ ବିଭୂତି ଆହାର ? ହାର କୋନ ନାରୀ
 ଏ ଯାବ୍ୟ ଲଭେଛେ ବଳ, ଅବତାର ସମ
 ବଶୋରାଣି ଜାନେ ? ଦେଖ ଦେଖ, ଆଦ୍ୟକାଳ
 ଅବଧି, ଏ ଯାବ୍ୟ—ବ୍ରଜା, ବାଲମୀକି, ବ୍ୟାସ,
 ମହର୍ଷି ଶେଷବିତାର, କପିଲ, ଆଶ୍ୱରି,
 ଗୋତମ, କଣ୍ଠାଦ, ସାଙ୍କାରିକ ଶକ୍ତର ସମାନ,
 ଶକ୍ତର ଆଚାର୍ୟ ସାଙ୍କାରିକ ଶକ୍ତର ସମାନ,
 ପାଣିନୀ, ଜୈମିନୀ ମୁଣି କାତ୍ୟାରନ ଆଦି

কত শত এইঝপ নিকৃপম জ্ঞানী
 অবতার ঈশ্বরের প্রসিদ্ধ জগতে ।
 থাকিতে জীবিত কীর্তি তাঁহাদের সদা
 “নারি বৃক্ষি চতুর্ণ” এই নারি বৃক্ষি !
 যাক, বৃক্ষি যদি শুন্দ মানিতে হইল,
 ব্যবসায়ে কিসে তবে নারী ষড়ণ্ডণ ?
 বৃক্ষিরই শুণ ইহা প্রসিদ্ধ যথন ।
 কি আশৰ্দ্য, রমণীর কাম অষ্টশুণ !
 অষ্টশুণ !! হাঁয় তাই বৃক্ষি পুরুষের
 বহু বিবাহে আসত ! বুঁৰেছি, নারীর
 এই জন্ম একমাত্র পতিলাভে তোৰ !
 যা হোক, বলিতে আর চাহি না আমরা,
 বৃক্ষিলাগ, অকারণে নারীর (এ) কলঙ্ক,
 নারীবৈরী নরাধম করিয়া ঘোবণা,
 “নারী জন্ম কি অধৰ্ম” নারীমনে সদা,
 অধৰ্মান্তিক বেদনার ফরিয়াছে মৃষ্টি ।
 বে পর্যন্ত এ কলঙ্ক, নারীর দ্বংশূল,
 ঘোচন করিতে কেহ, না পারে সমৃলে,
 তদবধি এইঝপে আমি থাকিব অনুচ্ছা ।
 নারীর চির কলঙ্ক এই—মে পুরুষ
 মুচাইতে নারে, আমি, নারী বলি তাঁরে ।

অবশ্য পুরুষ বলি ত্বংরেই সাদরে,
নিষ্কলন্ত করি নারি—নইবে যে (এ) পাণি !

রণ । প্রিয়সখি ! প্রিয়বদ্বা তনুলতা তব,
জ্ঞানগর্ত অদ্বৃত বিরচিলা প্রশ্ন,
বুবিয়াছি, এ কেবল রমনীপাণ্ডিত্য !
সে যা হোক, শুন তবে প্রশ্নের উত্তর,
শান্ত মতে যথার্থত কহিতেছি আমি ।
প্রকৃত এ কথা, নারী—পুরুষ অপেক্ষা
আহারে দ্বিগুণ । কিন্তু, নহে ভোজনার্থে
এ আহার । ভিন্ন অর্থ, প্রবৃত্তি স্বরূপ ।
(প্রকৃতার্থে নর, নারী—পুরুষ, প্রকৃতি ।)

পুরুষের একমাত্র প্রবৃত্তি—যাহায়
জগতের মৃষ্টি-কার্য সুসংবিধি হয় ।
ভোগ, অপবর্গ এই, দ্বিবিধ প্রবৃত্তি
রমণীর । নহে তিনি ভোজনে দ্বিগুণ ।
আর শুন বলি, যাতে, পুরুষ অপেক্ষা
সমধিক প্রকৃতির বুদ্ধি চতুর্ষি ।
স্বরূপ চৈতন্য এক বুদ্ধি পুরুষের ।
প্রত্যক্ষাদি চতুর্বিধ বুদ্ধিতে প্রকৃতি
আছেন আচ্ছন্ন সদা । এইহেতু বলে
সবে, নারী বুদ্ধি, নর হতে চতুর্গুণ ।

ବ୍ୟବସାୟ ପୁରୁଷର ଆନନ୍ଦ ଆତୋଗ ।
 ଭଗଶକ୍ତ ବାଚ୍ୟ ଛଟୀ, ଈଶ୍ଵର୍ଯ୍ୟ ପ୍ରଭୃତି
 ପ୍ରକ୍ଳତିର ବ୍ୟବସାୟ ପ୍ରସିଦ୍ଧ ଦର୍ଶନେ ।
 ଅତଃପର ଦୈତ୍ୟାଦୀ ଘତେ ହଇଯାଛେ
 ସଥ୍ୟ ଶୀମାଂସିତ କାମ, ଶୁନ ସଥି ଏବେ,
 ମେହି ସିଦ୍ଧ କଥା । ଦୁଷ୍ଟ ରିପୁ ରତ୍ନିପତି
 କାମ ଅର୍ଥେ ନୟ, ଏକ ମାତ୍ର ଇଚ୍ଛା ହୁଏ
 ଯାଏ ଦର୍ଶନ ମନ୍ତ୍ର । ଅତ୍ୟବ ଦେଖ
 ମନେ ମନେ ବିବେଚିଯା ;—ପୁରୁଷ ଅନ୍ତରେ
 ଥାକେ କି ନା, ଏକ ଇଚ୍ଛା, ଜାଗାତ ସତତ,
 ମୋକ୍ଷେଚ୍ଛା ବଲିରା ସାରେ ଅନୁଭବେ ସବେ ।
 କିନ୍ତୁ ଅଣିମାଦି କରି ଅଷ୍ଟବିଧ କାମ
 କାଗନୀ ସତନେ ରାଖେ । ଏହି ଅର୍ଥେ ହୁଏ
 ନାୟି, ପୁରୁଷ ଅପେକ୍ଷା, ଅଷ୍ଟଶତ କାମେ ।

————— ◆ —————

ମାଧ୍ୟମୀ । (ରାଜକୁମାରୀଦୟର ପ୍ରତି) କେମନ, ଏଥନ୍ତି
 କି ଆର ତୋମାଦେର ଦର୍ପ ଚର୍ଚ ହତେ ବାକି ଆଚେ ?
 ତକ । (ଇଙ୍ଗିତେ) ଅବଶ୍ୟ । ଏତଦିନେ ଆମାଦେର ସଂଶୟ
 ଛେଦ ହୋଲୋ ।

ବିଦ୍ୟୁତ । (ଚମ୍ପାଦେର ପ୍ରତି ଅନୁଚ୍ଛନ୍ତରେ) ତବେ ଆର ବରଣ

କାର୍ଯ୍ୟ ବିଲସ କେନ ? ନାଁ ଓ ଏହି ଛଡାଟା ନିଯେ ଏହି (ରଣ-
ସିଂହେର ଦିକେ ଗୋପନଭାବେ ଅଞ୍ଚୁଲି ନିର୍ଦ୍ଦେଶ) ଗଲାଯ ଦାଓ ।

ସଥୀଗଣେର ଉଲ୍ଲଭ୍ନି । ନେପଥ୍ୟେ “ଜୟ କୁମାର ବୀର-
ସିଂହେର, ଜୟ କୁମାର ରଣସିଂହେର” ଇତ୍ୟାକାରକ
ଆମନ୍ଦଧନି ଏବଂ କିମ୍ବକ୍ଷଣ ମନାବିଧ
ବାଦ୍ୟ କୋଲାହଳ ।

କାଦ । ମାଧ୍ୟମ ! ଓଲୋ ଏ ତୋର କର୍ମ ନୟ, ମାଲା ବଦଳ
କାର୍ଯ୍ୟ ଦୂତୀ ହୋଇଯାଇ ଏକଟୁ ରସିକତା ଚାଇ ।

ତକୁଳତାର ଗଲଦେଶ ହିତେ ମାଲ୍ୟ ଲଇଯା ରଣ-
ସିଂହେର କଣେ ଦିତେ ହଣ୍ଡପ୍ରସାରଣ ।

ବୀର । ନା—ନା, କର କି ? ଭୟ ହରେଚେ ଯେ ଦେଖ୍ଚି ।
ଏ ମାଲ୍ୟ, ସାହାର କଣ୍ଠଦେଶେ ଏତକ୍ଷଣ ଶୋଭିତ ହତେ ଛିଲ
ତୋର ପ୍ରଶ୍ନେର ଉତ୍ତର ଯେ ଦିଯେଚେ ମେଇ ଇହାର ଅଧିକାରୀ !

କାଦ । (ଭୟଚକିତଭାବେ ତକୁଳତାର ପ୍ରତି ଦୃଷ୍ଟିପାତ,
ଇହିତେ ତୋହାଦେର କାହାର ଓ ଆପତ୍ତି ନାହିଁ ବୁଝିଯା) ଆଜ୍ଞା,
ତାହା ଆର କହି କି ? ନା ହୟ (ମୃଦୁହାସ୍ୟ) ଆପନାରିଇ
ହନ୍ତର ଅଗ୍ରେ ମୌର୍ୟମୁକ୍ତ ହଟକ ।

କାଦସିନ୍ଧିର ବୀରସିଂହେର ଦିକେ ମାଲ୍ୟହଣ୍ଟେ
ଅଗ୍ରମର ହେବ ।

ରଣ । ଦେଖ ସଥି ! ଏଥିନ ତୋମାଦେର ରାଜକୁମାରୀ-

ময়কে আমার একটী প্রার্থনা অবগত করাও । তার পরে
মাহা কর্তব্য হয় করো ।

(কাদম্বিনীর স্তুতীভাব হওন)

বিদ্যুৎ । কি বলুন ।

রণ । আমার এইমাত্র ভিক্ষা, তোমাদের রাজকুমারীরা
এক্ষণে আমাদের মধ্যে, যিনি, যাহাকে হয়, মনে মনেই
মাল্যদান ও বরণ করিতে পারেন । বোধ হয়, আমাদের
ক্ষণ্ডিয় জাতিতে মানসিক বরণ করাই যে প্রকৃত ^ববিবাহ,
তা অবশ্য অবগত আছেন ।

বিদ্যুৎ । (রাজকুমারীগণের প্রতি দৃষ্টিপাত ও ইঙ্গিতে
সম্মতি গ্রহণ) যে আজ্ঞে । এখন তবে সেই ভাল ।

রণ । তবে এক্ষণে বিদায় প্রার্থনা করি । (উপ্থান)

বীর । (দীর্ঘনিঃশাস পরিত্যাগ পূর্বক) আমও
তবে—(উপ্থান)

বিদ্যুৎ । (উপ্থিত হইয়া করজোড়ে) এ প্রার্থনা পূরণ
করা আমাদের সাধ্য নয় ।

মাধবী । (উপ্থিত হইয়া করজোড়ে, সহাস্যে) মুখে
মুখে সাধ্য হলেও মনে মনে ত কখনই নয় ।

উভয়ের এক এক বার পশ্চাত দিকে দৃষ্টিপাত
পূর্বক ঘৃহ ঘৃহ হাসিতে
হাসিতে প্রস্থান ।

কাদ । বাঃ এ, ত—বড় রহস্য হোলো ? কেমন রাজ-
কুমারী ! তোমরা ত ভাই, মনে মনেই কাজ্জ সারলে !
এখন তবে, এ মালা ছড়াটা আমি আপনারই গলাতে
দি ?—কি বল ?

তনু । তা হলে ত আরও ভাল হয় ।

কাদ । কিন্তু একটি কথা বোলে রাখি ভাই, এ
মালা কুচু সামান্য মালা নয়, পরীক্ষোক্তীর্ণ ব্যক্তির জন্যই
বিশেষ মণি মাণিক্যাদি দিয়ে গাঁথা । এ মালা
আমার গলায় পড়লে আমি আর কারো সঙ্গে বিবাহ
হোতে দেবো না ।

সকলেরই অট্টহাস্য ।

তক । বলি, তুই পুরুষ না কি ?

কাদ । কেন ভাই ! তুমিই ত এখনি প্রশ্ন করেচ,
পুরুষ ও স্ত্রীতে কিছু ভেদ নেই ? তবে আমায় আর বিয়ে
করতে দোব কি ? (সকলের হাস্য)

যমুনা দৃতীর প্রবেশ ।

যমু । দিদিঠাকুরণ গা ! প্রণাম হই (উভয়কে ক্রমশঃ
প্রণাম করণ)

তক । কি রে ? তুই যে এখানে ?

যমু । মহারাণী আমায় পাঠালেন । তিনি বলেন,
“মঙ্গলবাঞ্ছ শুনা যাচ্ছে, এতে বোধ হোচ্ছে, এত দিনে—

আপনাদের নাম কোরে বোল্লেন—তাঁদের ঘনক্ষ মনা শিক্ষ
হোয়েচে । তুই শিখিগির করে, এখন বেয়ারা পাল্ক ও
দাস দাসী সঙ্গে নিয়ে যা । তাঁদের নিয়ে আয় গিরে ”
তাই আমি আপনাদের নিয়ে যেতে এসেচি । এখন একটু
শিখিগির কোরে উট্টলেই হয় ।

তক । তা বেশ, চল তবে । (উত্থান)

[দকলের প্রস্থান ।

পটপ্রক্ষেপ ।



দ্বিতীয় অঙ্ক ।

কশ্মীর রাজসভা—গৃহ ।

মহারাজ রঘুপৎ সিংহ ও মহারাজ ধনপৎ সিংহ
পৃথক পৃথক সিংহাসনে উপবিষ্ট ।

মন্ত্রী বুদ্ধিমান এবং বৃক্ষমন্ত্রী দীর্ঘদর্শী তথা বৃক্ষ
পুরোহিতগণ, বৃক্ষ ব্রাহ্মণ পাণ্ডিতগণ
সকলেই যথাযথস্থানে উপবিষ্ট ।

শিবদয়াল দুতের প্রবেশ ।

দুত । (প্রণাম করিয়া) মহারাজ ধীরাজগণের জয় !

বুদ্ধি । কি শিবদয়াল ! সংবাদ কি ? তোমাদের মহা-
রাজকে পত্র দেওয়া হয়েচে ত ?

দুত । (করজোড়ে) আজ্ঞে হঁ । উত্তরও এসেছে ।

বুদ্ধি । কৈ ? —কে এনেছে ?

দুত । আজ্ঞে, রামদয়াল পাঁড়ে বলে একজন ব্রাহ্মণ
পত্র নিয়ে এসেচেন । পত্রখানি আমারই কাছে আচে ।
এই নিম্ন (দিতে উদ্যত)

বুদ্ধি । আচ্ছা, তা থাক । এর পরে লওয়া যাবে ।
তুমি—এখন যাও, সেই পত্রবাহক দুতবরকে সঙ্গে নিয়ে
এসো ।

দুত । যে আজ্ঞে ।

[প্রণাম পূর্বক প্রশ্নান ।

নেপথ্যে প্রহর সূচক ঘটিকাবাদন ।

বুদ্ধি । (কিঞ্চিৎ উদ্ধিত হইয়া) মহারাজ ! এক
প্রহর বেলা অতীত হইল । (উপবেশন)

পুরো । (কিঞ্চিৎ উদ্ধিত হইয়া) স্বত্যন্ত বীরভূপালায়া-
বনিনাথায় । মহারাজ ! প্রাত্যহিক সভা তবে আরম্ভ
হউক । (উপবেশন)

রঘু । (প্রণাম পূর্বক) যে আজ্ঞে ।

রঘু । কেমন দীর্ঘনশ্চিন্ত !

দীর্ঘ । আজ্ঞে ! (বীরামনে উপবেশন)

রঘু । অঙ্গ সভায়, মুবরাজগণকে লইয়া বিশেষ বিচার
কর্ত্তে হবে না ?

দীর্ঘ । আজ্ঞে হাঁ, বিশেষ বলে বিশেষ—মহারাজের
সভায় এ পর্যন্ত এক্ষণ বিশেষ স্কটাপন্থ বিচার, কখনও
উপস্থিত হয় নাই ।

ରୟ । ଦେଖୁନ ପୁରୋହିତ ମହାଶୟ !

ପୁରୋ । ଆଜେ, (କିଞ୍ଚିତ୍ ଉତ୍ଥାନ)

ରୟ । ଆପଣି ତବେ ଆଜକେ ପ୍ରାତ୍ୟହିକ ସଭାର ବକ୍ରତାନ୍ତି କାର୍ଯ୍ୟ କିଞ୍ଚିତ୍ ସଂକ୍ଷେପେ ସାରିଯା ଲାଉନ ।

ପୁରୋ । ସେ ଆଜେ ମହାରାଜ ! ସଂକ୍ଷେପେଇ ସାରିଯା ଲାଇବ ବିଷ କି ? କେବଳ ରାଜସ୍ଵରୂପ ବର୍ଣନମାତ୍ର କରିଯାଇ ଶାନ୍ତି ଅବଲମ୍ବନ କରିବ ।

ଏକଟି ପୃଥିକ୍ ଉଚ୍ଚ ଆସନେ ଉପବିଷ୍ଟ ହଇଯା ପୁଷ୍ଟକ
ନିକାଶନ ପୂର୍ବକ ବକ୍ରତା ଆରମ୍ଭ ।

(ନେପଥ୍ୟ ଶାଙ୍କୁରାଂତ୍ରୀ ନିନାଦ)

ଶ୍ରୀରାମଭେଦ୍ୟ । ଶ୍ରୀକଣ୍ଠଭେଦ୍ୟ । ନମଃ ।

ରାଜୀ ଶବ୍ଦ ବେଦେର ଦେବତା ଶବ୍ଦେର ଭ୍ୟାଯ ସାମାନ୍ୟ ବାଟି ନହେ । ବେଦେତେ ମହିଷ ବ୍ୟବ ମଣ୍ଡୁକ ତୀର ଧନୁକ ପ୍ରଭୃତି ଚେତନ ଅଚେତନ ସମ୍ମାନ୍ୟରେ ଦେବଶବ୍ଦ ହାରା ସମ୍ମାନିତ ହଇଯା ଥାକେ, ତଙ୍ଗୀପ ଲୋକେ, ଏହି ରାଜୀ ଶବ୍ଦ ସାଧାରଣେର ବ୍ୟବହାର୍ୟ ନହେ । ରାଜୀ ହୋଯା, ରାଜତ୍ତି ଶବ୍ଦେ ଅଭିହିତ ହୋଯା ବହୁଜନ୍ୟ ଜୟାନ୍ତରୀଣ ପୁଣ୍ୟସାପେକ୍ଷ । ଏତ୍ତିଥିରେ ବେଦ ସ୍ମୃତିତେ ଯେତେପରି ଅଭିହିତ ହଇଯାଛେ, ସମ୍ପ୍ରତି ଆମି ତାହାର ସାରାଂଶ ଗ୍ରହଣ ପୂର୍ବକ ପ୍ରଚଲିତଭାବାୟ ବଲିତେଛି । ମହାରାଜଗଣ ଓ ସଭ୍ୟ ସଦସ୍ୟ ମହାଶୟଗଣ ଅଣିହିତ ମନେ ଶ୍ରୀଗଣ କରନ୍ ।

(১) সত্য ত্রেতা দ্বাপর ও কলি এই যুগচতুষ্টয় রাজাৰ ক্ৰিয়া বিশেষ ব্যতীত আৱ কিছু নহে । সুতৰাং রাজাই যুগচতুষ্টয় স্বরূপ ।

[ক] রাজা যখন কৰ্ত্তব্য কৰ্ম্ম সমাপ্ত কৱিয়া পূৰ্ণ উৎসাহ যুক্ত হন তখন তাহারে সত্য যুগ বলা যায় ।

[খ] রাজা যখন কৰ্ত্তব্য কৰ্ম্মের রৌতিয়ত অনুষ্ঠান কৱেন তখন তাহারে ত্রেতা যুগ বলা যায় ।

[গ] রাজা যখন কৰ্ত্তব্যাকৰ্ত্তব্য কৰ্ম্মের শুণ দোষ অবগত হইয়া ও অগ্রাহ্য কৱেন, তখন তাহারে দ্বাপরযুগ বলা যায় ।

[ঘ] রাজা যখন ভ্ৰম বা আলস্যাদি নিবন্ধন রাজ কাৰ্য্য পৰ্যালোচনায় নিকৎসাহ থাকেন, তখন তাহারে কলিযুগ বলা যায় ।

(২) ঈশ্বৰ,—ইন্দ্ৰ, বায়ু, যম, হৰ্ষ, অগ্নি, বৰুণ, চন্দ্ৰ ও কুবেৰ এই অষ্টদিকৃপালেৰ সারাংশ গ্ৰহণ কৱিয়া রাজাৰ মৃষ্টি কৱেন । এই জন্য রাজাই ইন্দ্ৰাদি অষ্টবিধ দেব পদ বাচ্য ।

[ক] ইন্দ্ৰ যেমন বারিদৰ্শণ দ্বাৱা শশ্যাদিৰ পুষ্টি বিধান কৱেন তদ্বাপৰ রাজাৰেও অভিস্মিত অৰ্থবৰ্ধণ দ্বাৱা সাধুগণেৰ পুষ্টি বিধান কৱিতে হয় । এই জন্য ইহাবেৰ ইন্দ্ৰ বলা যায় ।

[খ] বায়ু যেমন সকল প্রাণির অভ্যন্তরে প্রবিস্তি হইয়া বিচরণ করিতেছেন তদ্বপ্র রাজারেও গুচ্ছ চার দ্বারা কি স্বরাজ্য কি শত্রুরাজ্য সর্বত্র বিচরণ করিতে হয় । এই হেতু ইহারে বায়ু বলা যায় ।

[গ] যমরাজ যেমন প্রিয় বা দ্বেষ্য বিচার করেন না, কিন্তু প্রাপ্তকালে অপরাধিগণকে উচিত যত সমানভাবেই দণ্ড বিধান করেন তদ্বপ্র রাজারেও অপরাধিগণকে সমানভাবেই দণ্ড বিধান করিতে হয় । এই জন্য ইহারে যমরাজ বলা যায় ।

[ঘ] সূর্য যেমন অগ্রহায়ণ মাস অবধি অন্ট মাস যাবৎ স্বীয় করণ দ্বারা অংশে অংশে জল শোবণ করেন তদ্বপ্র রাজারেও অর্কত্বত ধারণ পূর্বক প্রজাগণের নিকট হইতে অংশে অংশে কর শোবণ করিতে হয় । এই জন্য ইহারে সূর্য বলা যায় ।

[ঙ] অগ্নি যেমন পাপীগণের শান্তনের জন্য বজ্রজপে প্রচণ্ড ও অস্ত্র-বিক্রম হইয়া হিংসাপরায়ণ হন তদ্বপ্র রাজারেও দুষ্ট প্রজাগণের শান্তনের জন্য, দুষ্ট সাগন্ত-গণের বধার্থ প্রচণ্ড এবং হিংসাপরায়ণ হইতে হয় । এই জন্য ইহারে অগ্নি বলা যায় ।

[চ] বুরুগদেব যেমন পাশবন্ধন যোগ্য অপরাধিগণকে নিঃশক্তিতে স্বীয় বাকণ পাশ দ্বারা বন্ধন করিয়া থাকেন

তদ্বপ রাজারেও অপরাধি প্রজাগণকে দমনার্থ নিঃশেষ
হইয়া বন্ধন করিতে হয়। এইজন্য ইহারে বৰ্কণদেব বলা যায়।

[ছ] চন্দ্র যেমন পুর্ণেদয়ে সকলেরই আনন্দ বিধান
করেন তদ্বপ রাজারেও পূর্ণসাত্ত্বিক ভাবে অবস্থিত হইয়া
সর্বসাধারণের মনোরঞ্জন করিতে হয়। এইজন্য ইহারে
চন্দ্র বলা যায়।

[জ] কুবের যেমন দেবগণের ভাণ্ডারী তদ্বপ রাজা-
রেও ভূদেব আকৃগণের ভাণ্ডারী হইতে হয়। এই জন্য
ইহারে কুবের বলা যায়।

(৩) পৃথিবী যেমন স্বেদজ অঙ্গজ প্রভৃতি সকল
প্রকার উচ্চাবচ প্রাণীগণেরই আশ্রয় হইয়া রহিয়াছেন
তদ্বপ রাজারেও কি বিদ্বান्, কি ধনী, কি মুর্ধ, কি অনাধি,
সকল প্রকার প্রণিগণেরই আশ্রয় হইতে হয়। এই জন্য
ইহারে পৃথিবী বলা যায়।

এইরূপে রাজা ইশ্বরের প্রতিনিধি বলিয়াই বেদাদি
শাস্ত্রে সর্বতোভাবে নিরূপিত হইয়াছেন। আকৃগণভ্যানমঃ।

(আসন হইতে অবতরণ। পূর্বস্থানে উপবেশনপূর্বক)
সদসংগণ ! একগে আপনারা সভার অন্যান্য বিচার
কার্য করিতে পারেন।

বুদ্ধি। যে আজ্ঞে। (প্রণাম)

সকলেরই ভূমিষ্ঠ হইয়া প্রণাম।

ରାମଦୟାଳ ପାଢ଼େ ନାମକ ତ୍ରାଙ୍ଗଣ ଦୂତେର
ଶହିତ ଶିବଦୟାଳ ଦୂତେର ପ୍ରବେଶ ।

ଉତ୍ତରେ । ମହାରାଜ ଗଣେର ଜୟ ହଟୁକ ।

ବୁଦ୍ଧି । କି ଶିବଦୟାଳ ! ଶିବ । ହାଁ ଧର୍ମାବତାର ।

ବୁଦ୍ଧି । ଇନିଇ କି ମହାରାଜ ଜୟମିଂହେର ଦୂତ ?

ରାମ । (ହଞ୍ଚୋତୋଳନ ପୂର୍ବିକ ଆଶୀର୍ବାଦେ) ଆଜେ
ହଁ, ଆମିଇ ମହାରାଜ ଧୀରାଜ ଶ୍ରୀ ଜୟ ମିଂହେର ଦୂତ ।
ଆମାର ନାମ ରାମଦୟାଳ ପାଢ଼େ ।

ବୁଦ୍ଧି (ପ୍ରଣାମ ସଂ) ଆଚ୍ଛା ବେଶ—ବୋମୋ ।

ରାମଦୟାଳେର ତମିକଟେ ତ୍ରାଙ୍ଗଣେର ଆସନେ
ଉପବେଶନ ।

କେମନ ପାଢ଼େଜୀ ! ତୋମାଦେର ମହାରାଜେର ଏହି ଶୁଭ
ବିବାହ ବିବରେ ମତ୍ତା କି ?

ରାମ । ଆଜ୍ଞେ—ଆଜ୍ଞେ—(କରମର୍ଦ୍ଦନ) ଧର୍ମାବତାର !
ତବେ ବଲି—ଇ—ଇ—

ବୁଦ୍ଧି । ଆଃ, ତାର ଜନ୍ୟ ତୋମାର ଆର ଭଯ କି ହେ !
ତୁମି ସଂବାଦ ଦାତା ଦୂତ ବଇତ ନାହିଁ, ବିଶେଷ ଆବାର ତ୍ରାଙ୍ଗଣ !
ତୁମି ନିଃଶକ୍ଷ-ଚିତ୍ତେ ବଲ, କିଛୁ ଭଯ ନାହିଁ ।

ରାମ । ସେ ଆଜ୍ଞେ, ସେ ଆଜ୍ଞେ, ତବେ ବଲି, ଦେଖୁନ ଧର୍ମ-
ବତାର ! ଆର କିଛୁ ନାହିଁ, ଏହି ବିବାହ ବିଷୟେ ଆମାଦେର

ଶୁଣ୍ଡରାଧିପତି ମହାରାଜେର କିଞ୍ଚିତ୍ ‘କିନ୍ତୁ’ ହେଯେଚେ ! ତୁର ଇଚ୍ଛା, କୁମାରୀ ତକଳତା, କୁମାରୀ ତମୁଳତା ଅପେକ୍ଷା ବୟକ୍ତମେ ଏକ ବ୍ୟସରେ ଜେଣ୍ଟା, ଏଦିଗେ କୁମାର ବୀରସିଂହ କୁମାର ରଣସିଂହ ଅପେକ୍ଷା ଏକ ବ୍ୟସର ବୱୋଧିକ ଶୁତରାଂ ତକଳତାର ସହିତ ରଣସିଂହେରଇ ବିବାହ ହେଯା ଶାନ୍ତ୍ରାନ୍ତୁମୋଦିତ, କିନ୍ତୁ ଆମାଦେର ମହାରାଜେର, କିଛୁଯାତ୍ର କିନ୍ତୁ ନାହିଁ । ତିନି ଆପନାଦେର ମତେଇ ମତ ଦିଯେଚେନ । ସର୍ବାବତାର ! ଏଇକ୍ରପେ ତୁମାଦେରଙ୍କ ଆବାର ମତାମତ ନିବନ୍ଧନ ପରମ୍ପର ମନୋଭଙ୍ଗ ହବାର ଉପକ୍ରମ ହେଯେଚେ ।

ବୁଦ୍ଧି । କି ଆଶ୍ଚର୍ଯ୍ୟ ! ତୁମାଦେରଙ୍କ ଆବାର ପରମ୍ପର ମତାମତ ଓ ମନୋଭଙ୍ଗ ହ'ଲ ? ଆଜ୍ଞା ବେଶ୍, ତା—ଏଥନ ବିବେଚନା କରା ଯାଚେ ।

ରାମ । ଆଜ୍ଞେ, ତବେ ଆମି ଏକଣେ ବିଦ୍ୟାଯ ହେ ।

ବୁଦ୍ଧି । (ପ୍ରଣାମ ସହ) ତାଲୋ, ତୁମି ତବେ ଏଥନ ବାସାଯ ଯାଓ ।

ଶିବଦୟାଲ ଓ ରାମଦୟାଲେର ସଥାଯଥ ପ୍ରଣାମ ଓ

ଆଶୀର୍ବାଦ ପୂର୍ବକ ପ୍ରସ୍ତାନ ।

ରଯୁ । କେମନ ବୁଦ୍ଧିମାଗର ! ଅନ୍ୟ ତବେ ମତାର ଆରକ୍ଷିକି କି କି କାର୍ଯ୍ୟ ଆହେ ?

ବୁଦ୍ଧି । (ବୀରାଶନେ ଉପବିଷ୍ଟ ଓ ଏକଥାନି ପତ୍ର ହଞ୍ଚେ କରିଯା) ମହାରାଜ ! ଅନ୍ୟ ମୁତନ ଅଭିଯୋଗାଦି କିଛୁଇ ନାହିଁ ।

তবে পত সপ্তাহ অবধি লক্ষী নারায়ণ সেট্জী কুতুর্গে আবন্দ্ব আছেন, অন্য তাঁহার শেষ বিচার দিন । অনুমতি হয় ত তাঁহাদের বাদী প্রতিবাদী উভয়কেই উপস্থিত হইতে আদেশ পাঠান যায় ।

রঘু । ইঁ, তার আবার জিজ্ঞাসা ? এখনই তাঁহাদিগকে উপস্থিত হইতে দূত প্রেরণ কর ।

বুদ্ধি । যে আজ্ঞে-মহারাজ !

(দণ্ডায়মান একজন দূতের প্রতি) দেখ, তুমি শীঁও গিয়া শৃঙ্খলাবন্দ লক্ষ্মীনারায়ণ সেট্জীকে ও প্রসিদ্ধ সেই বেদাধ্যায়ী রামত্রিক ত্রিবেদী মহাশয়কে সঙ্গে করিয়া আন । (দূতের প্রস্থানোদয়) দেখ,

(দূতের প্রত্যাবর্তন) আজ্ঞে !

ত্রিবেদী মহাশয়কে যেন সংশ্লানের সহিত আনা হয় ।

দূত । যে আজ্ঞে ধর্ম্মাবতার । (প্রণাম ও প্রস্থান)

দীর্ঘ । (বীরামনে উপবিষ্ট হইয়া) তবে এইসময়ে কুমার গণকেও আহ্বানার্থ দূত প্রেরণ করিলে তাল হয় না ?

রঘু । ওঃ—তার আবার জিজ্ঞাসা ? তাঁহাদিগকে তুমি স্বয়ং গিয়া লইয়া এসো ।

দীর্ঘ । রাজাজ্ঞা শিরোধাৰ্য ।

[প্রস্থান ।]

ধন । কেমন যন্ত্রিন् !

বুদ্ধি । আজ্ঞে মহারাজ !

ধন । মহারাজ জয়সিংহ ও মহারাজ বিজয়সিংহেরও
যে পরম্পর মতামত হোলো, এখন উপায় ?

বুদ্ধি । আজ্ঞে, সে কিছু নয় । একশেণে কুমারগণের
পরম্পর ঐক্যমতাই বিশেষ প্রার্থনীয় । অন্যথা অযুক্তে
গরল উঠিবারই সম্পূর্ণ সম্ভাবনা ?

রঘু । দেখ বুদ্ধিমান ! আমি ত বড়ই আশ্চর্য্যান্বিত
হয়েচি । ভাল, ইয়েরইবা কারণ কি ? আমাদের কুমা-
রেরাত অদ্বিতীয় বিদ্বান্ম ! তা, না হলে, অপরাজেয়া
সাক্ষাৎ সরস্বতী তুল্য জয় বিজয় দুহিতারও কি কখনো
পরাজিত কর্তে পারে ? (কিঞ্চিৎ ঘোনভাবে অধোবদনে
অবস্থিতি) উঃ ! (উদ্গৃহীব হওন) অত্যুর্জিত বিদ্যার ফল
কি অবশ্যে রাক্ষসী অবিদ্যায় গ্রাস করিল ?—যন্ত্রিন !
ইয়ের কারণ কি ?

ভাগবত রত্ন । স্বস্ত্যস্ত মহারাজাভ্যাম । ইহার কারণ,
এই দরিদ্র ত্রাদুণ যেমন বলিতে সক্ষম, এমন আর কেহ
হবে না । অনুমতি হয় ত বলি ।

রঘু । (করজোড়ে) বলুন—আপনি বলিবেন তার
আবার জিজ্ঞাসা ?

ভাগ । দেখুন, মহারাজ ! বেদ বিভাগকর্তা ভগ-

বানের সপ্তদশ অবতার শ্রীকৃষ্ণ দ্বৈপায়ন ভাগবতের তৃতীয় ক্ষক্তে স্বয়ংই বোলেছেন, “ যশ মৃচ্ছমো লোকে যশ শুন্দেঃ পরং গতঃ । তাৰুর্ভো সুখমেধেতে ক্লিশ্যতন্ত্রিতো জনঃ ” অর্থাৎ বাহারা এক নিতান্ত অজ্ঞ, তাৰারা সুখী—আৱ থাঁহারা জ্ঞান নৈকায় আৱোহণ কৱিয়া বিবেক ও বৈৱাগ্যজ্ঞপণী—ক্ষেপনীদয়ের সাহায্যে প্রকৃতি সমুজ্জ পার হইয়াছেন, তাঁহারাই সুখী । এই দ্বিবিধ ব্যক্তি ভিন্ন আমাদের ত্যায় মধ্যবিধ মানবেৱা সকলেই ক্লেশ পাইয়া থাকে । অতএব মহারাজ ! আপনাদের কুমারেৱা ষতই কেন বিদ্বান् হউন না, তাঁহারা মধ্যবিধ লোকেৱ মধ্যেই পরিগণিত, তার ত আৱ সন্দেহ নাই ? তবে কেন আৱ বুথা আশৰ্চৰ্য্যাবিত হইয়া চিন্ত ক্ষুভিত কৱিতেছেন ? কলতঃ জগতেৱ গতিই এই ।

ধন । আহা ! ভাগবতৰু মহাশয় ! আপনি এখন কি যথার্থ কথাই বোলেন ! ইয়েৱ আৱ সন্দেহ ! কৃতবুদ্ধি না হলে, বিদ্যালোচনা সৰ্বইব বুথা । (অগ্নাত্য মন্ত্রিগণেৱ শিরঃ কম্পন ও অনুচ্ছষ্টৰে ঐ কথায় অনুমোদন)

রামত্রক্ত ত্রিবেদী ও শৃঙ্খলাবন্ধ লক্ষ্মীনারায়ণ
সেট্জীৱ দুইজন দুতেৱ সহিত
প্ৰবেশ । ..

বুদ্ধি ! ত্রিবেদী মহাশয় ! আস্মুন, আপনি এইস্থানে
বস্মুন । (ত্রিবেদীর ব্রাহ্মণের আসনে উপবেশন)

রঘুপৎ । কেমন মেটেজো তুমি ঘনে করেচ, আমি এক
জন প্রসিদ্ধ ধনী, আমার নিকট দেশদেশান্তরের রাজারাও
শুণ গ্রহণ করেন শুতরাং আমার ঘ্যায় মাত্য জগতে আর
কেহ নাই । কেমন—বটে কি না ? তুমি কি কখন মহা-
ভারত বা ভাগবতও শুনো নাই ?—ছিঃ ছিঃ ব্রাহ্মণ !
জগৎ পিতা—তাতে আবার বেদজ্ঞ, তিনি কি—না—
তোমার নিকটে অপমানিত হোলেন ?

ল-সে । দোহাই ধর্ম্মবতার ! ২ উনি আমা দ্বারা
কিন্নপে অপমানিত হোয়েচেন, অগ্রে তাহারই বিচার
হউক, তার পর আমি দোষী হই, দণ্ড পাব । এ—ত আর
সত্য যুগ নয়, আর—এই ত্রিবেদী মহাশয়ও কিছু সাক্ষাৎ
ভূগু মহর্ঘি নন ।

রঘু । (সক্রোধে) অরে রে নরাধম ! তৃষ্ণ ! দুর্ঘতি !
এখনও আবার বিচার প্রার্থনা ? নাই হোকু সত্য যুগ ?
বিষধর সর্গও কি কখন যুগদোবে একেবারে নির্বিষ হয় ?
অগ্নিও কি কখন অশুদ্ধ দেশে বা অশুদ্ধ কালে ধাকিলে,
স্বীয় দাহ স্বত্বাব হতে চুত হয় ? তুই জানিস নে, ইনি
একে ব্রাহ্মণ, তাতে আবার বেদজ্ঞ । ইহাতে আর শাল-
গ্রামে ভেদ ?—তুই অনায়াসে উচ্চ আসনে বসিয়া

রহিলি—ইঁকে সর্বসাধারণের সমান আসনে বসাইলি ?
 এ—তোর অপমান করা নয় ? জগৎ পূজ্য দেব-পূজ্য বেদজ্ঞ
 আক্ষণের পক্ষে ইহা অপেক্ষা মৃত্যুও যে শ্রেয়ঃ কম্প !
 হেছ ! এ তুক্ষ দেশ—পেলি না কি ? দেখ—বিচার
 যা হবে, তা, এখনই দেখতে পাবি ? রে দৃত ?

দৃত ! আজ্ঞে মহারাজ ! (করজোড়ে সমুখে অবস্থিতি)
 দেখ, তুই এই পাষণকে এখনই, এস্থান হইতে গলে
 হস্ত প্রদান পূর্বক বহিকৃত করিয়া, সপরিবারে আমার রাজ্য
 হতে দূর করিয়া দে । এবং আমার সেনাপতিরে সঙ্গে
 করিয়া ইহার সমুদায় কোষাগার লুঁঠন পূর্বক অর্দেক
 আমার কোষাগারে ও অর্দেক এই ত্রিবেদী মহাশয়কে
 প্রদান করবি । যা—এখনই যা ।

সেটজী ! (রোদন) দোহাই ধর্ম্মাবতার ! দোহাই
 ধর্ম্মাবতার ! দোহাই ত্রিবেদী মহাশয়ের । আমি, বাক্মারি
 করেচি, বাপের সঙ্গে গু খেয়েচি । আর এমন কর্ম কোরবো
 না । আমাকে এ যাত্রা রক্ষে করুন ।

দৃত ! যে আজ্ঞে মহারাজ ! (অপরাধির প্রতি) চল,
 আর কেন ? যা হবার তা হয়েচে ?

(গলে হস্ত প্রদানপূর্বক সেটকে লইয়া দুইজন
 দুতের প্রস্থান ।)

ত্রিং । (স্বগত) উঃ দণ্ডটা কিছু গুরুতর হোয়ে

গেল । আহা ! একেবারে একুপ সৰ্বনাশ হবে বলে, অগ্রে
স্বপ্নেও ভাবি নাই, তা—হোক, যেমন ক'রে হয়, ইহাকে
রক্ষা কর্তে হবে । (প্রকাশে) মহারাজ ! তবে আমি
এক্ষণে অপমৃত হইতে পারি ?

রঘুপৎ । যে আজ্ঞা, তবে আমুন । (প্রণাম) (ধনপৎ^১
সিংহেরও প্রণাম)

ত্রি । মহারাজগণের জয় হউক ।

[অস্থান ।

দীর্ঘদশী মন্ত্রী ও দুই জন কোষ নিকাশিত অসি-
হস্ত শরীররক্ষকের সহিত যুবরাজবীরসিংহ
ও যুবরাজ রণসিংহের প্রবেশ ।

বুদ্ধি । (উপর্যুক্ত হইয়া) আমুন, এই স্থানে এসে
উপবেশন করুন ।

(উভয়ের মহারাজদ্বয়ের সম্মুখবর্তি
বিশেষ আসনে উপবেশন)

রঘুপৎ । কেমন বাপু ? তোমরাত সাধারণ স্বভাবের
বশবর্তী নও । তবে, কেন একুপ সংক্ষত হৃদয়ে অসংক্ষত
ভাব হঠাৎ উপস্থিত হোলো ?

ধন । আহা যুবরাজগণ ? তোমাদের শুভ দ্বিকমলে
সরস্বতী সাক্ষাৎ মূর্তিগতী হইয়া উপবিষ্ট—কি আশৰ্য্য

এখন তাঁহার জ্যোতি কি এতই নিষ্পুত্ত—বে, এক অসার অভিযান অঙ্ককার ও নষ্ট হইল না ? অথবা সত্যই বটে, আবরণস্বত্বাব মোহমেঘের গাঢ় অবরণ অখণ্ডনীয় ।

বীর ! মহারাজ ! একথা সমুদ্বায়ই সত্য, তাঁর আর অণুমাত্র সন্দেহ নাই । কিন্তু পিতঃ ! আমি যখন তমঃ প্রাধানা প্রকৃতি সতীরে স্বেচ্ছাপূর্বক, বা স্বেচ্ছাপূর্বকই বলি কেন ? দেবঞ্চন, পিতৃঞ্চন ও মনুষ্যঞ্চন, এই খণ্ডত্রয় হইতে শুভ্র হইবার জন্য, শাস্ত্রানুজ্ঞা প্রেরিত হইয়া, পিতা মাতার অনুমোদন সহকারে, সানন্দে, পাণি-গৃহীতী করিতে উদ্যত, তখন আমাদের শুভ্রস্তৃকমল বাসিনী বিদ্যা পত্রীরে অতিমগোপনে নিষ্পুত্ত করিয়াই রাখিতে হইতেছে । পিত ! তেজস্তিমিরবৎ বিকুল স্বত্বাব সপত্নীয় পতি সন্ধিধানে কখন কি একাসনে স্ব স্বরূপে অবস্থিত হইতে পারে ? (অধোবদনে অবস্থিতি)

রণ ! তা যা হউক ? পিতঃ ! এক্ষণে আমাদের এই মাত্র প্রার্থনা, আমাদের সংস্কৰ্ষে যদি রীতি মত বিচার হয়, ভালই, অন্তথা আমরা স্বয়ংই আগামী সপ্তাহে যাহা হয়, মীমাংসা করিয়া ত্রীচরণে সংবাদ দিব । সম্প্রতি, এই সামান্য বিষয় লইয়া অন্তান্ত রাজকার্যের প্রতিবন্ধকতা করা উচিত হইতেছে না ।

রঘু ! (অত্যানন্দে পুত্র পৃষ্ঠে হস্ত প্রদান পূর্বক)

সাধু পুত্র, সাধু ! অবশ্য, হবে না কেন ! সহস্র হউক,
বিদ্ধার বিমলজ্যোতি কতকণ আর আবৃত থাকবে ? বেশ,
বাপু—বেশ—আমি যথার্থ বল্টি—তোমাদের এরপ
বিশুদ্ধ প্রস্তাবে বড়ই প্রফুল্ল হইলাম । ইহার অপেক্ষা
স্থুরের কথা আর কি হইতে পারে ?—যাক এখন তোমরাই
তবে স্বয়ং বিচার করিয়া হংসের শ্লায় অসার অংশের
পরিত্যাগ পূর্বক সারাংশ গ্রহণ করিয়া মীমাংসা কর
গিয়ে । বাপু ! আমরা এত দিমে নিশ্চিন্ত হইলাম ।

উভয়ে । (উথিত হইয়া) তবে এক্ষণে আমরা বিদ্যায়
প্রার্থনা করি ?

(রয়পৎ ও ধনপৎ উথিত হইয়া “এস, বাপু এসো ”
সলিয়া মন্ত্রকান্ত্রাণ ও আলিঙ্গন)

[কুমারগণের রক্ষিগণের সহিত প্রস্থান ।
য়ু । ঘন্তিগণ ? এক্ষণে তবে সভা ভঙ্গ কর ।
সকলেই । যে আজ্ঞে ।

[সকলেরই উত্থান ও প্রস্থান ।
পটপ্রক্ষেপ ।

তৃতীয় অঙ্ক ।

—••••—

গুর্জর রাজধানী ।
ছুর্গের প্রান্তভাগ রণভূমী ।

পঞ্চান্তরবন্ধ কবচপরিধায়ী অশ্বপৃষ্ঠে আনন্দ কুমার বীর
সিংহের দুইজন শরীররক্ষকের সহিত প্রবেশ ।
অশ্ব হইতে অবতরণ ইতস্ততঃ পাদচালন ।

কিঞ্চিৎ পরেই কুমার রণসিংহেরও ঐরূপে প্রবেশ ও
অশ্ব হইতে অবতরণ পূর্বক অপর দিগে পাদচালন ।

শরীররক্ষকগণ । (একপার্শ্বে দণ্ডায়মান হইয়া) তবে
আমরা কি অশ্ব লয়ে ছুর্গে যাবো ?

উভয়েই । হঁ তোমরা অশ্ব লইয়া শৌক্র এখান হতে
প্রস্থান কর ।

রক্ষকগণ । ‘ যে আজ্ঞে ’ (প্রণাম ।)

[অশ্ব লইয়া প্রস্থান ।

রণ । (কপট হর্মে অন্য দিগে পাদচালন করিতে
করিতে)

ଶୁଣିଲାଭାତ ଆଜି ମମ ଶୁଣିଲ ଗଗଣେ,
ଉଦିଲ ରବି, ଫୁଟିଲ ନନ୍ଦ କମଳ ।
ପଶିଲ କିରଣ କଳା—ନାଶିଲ ଆମାର
ମାନସ ତିଥିର ରାଶି ; ସଥା ରତ୍ନରାଜି
ବିନାଶ୍ୟେ ଦରିଦ୍ରେର ମାନସ ତିଥିରା ।
ମହେଶ ଉଦ୍‌ଦୀହ ଆଜି ଯୁଦ୍ଧ କରିବାରେ !
କାର ସଙ୍ଗେ ? ଧିକ୍କ କାନ୍ତେ ! ଏ ସେ ପ୍ରାଣବନ୍ଧୁ !
ପାଦାଣେ ଅକ୍ଷିତ ସଥା ରେଖା ଅବିଚଳ,
ତେବେତି ଛିଲ ବନ୍ଧୁତା ମମ ସମ ଭାବେ
ଥାର ସଙ୍ଗେ, ହାଯ ! ମେଇ ଶୁଦ୍ଧ କି ନା ଆଜି
ଉଦ୍‌ଯୁତ ଏବେ ଛିନ୍ଦିତେ ହୁନ୍ଦିନିଗଡ଼ !
ଶୁଦ୍ଧଯ ! କେମନେ ତୋରେ ସାନ୍ତ୍ଵିବ ? କିରପେ
ଭ୍ୟଜିବ ତାହାରେ ? ହାଯ ! ନିଷ୍ଠୁରତା କରି
ମତ୍ୟଇ କି ହବେ ତୁଷ୍ଟ ଏ ପାବଣ ! ନା, ନା,
ହବେ ନା, ହବେ ନା, ସେହ ଆଛ୍ୟେ ମହାଯ !

ଦୀରି । (ମଧ୍ୟ ଥବର୍ତ୍ତୀ ହଇଯା)

ଧନ୍ୟ କ୍ଷାତ୍ର ଧର୍ମ, ଧନ୍ୟ ବାନ୍ଧବ ବ୍ୟାତାର ।
ଜଗତେ ଥାକେ ନା ଯେନ ଦୃଷ୍ଟାନ୍ତ ତେମାର ।
ଆହା, ତୁମି ମମ ବନ୍ଧୁ, ତାଇସେ କରିଲେ
ସେହେରେ ଦୋସର ? ତାଇ ହୁଅଥେ ଦୁଃଖୀ ଏବେ ;
ତାଇ ବୁଦ୍ଧି ଭାସିତେହ ନନ୍ଦ ବାରିତେ ।

ছাড় ছাড় অভিমান, কেন আর গর্বে
বুথা হতেছ ভারিকে ? ছিঁড়িতে বন্ধুতা
নিগড় নাহি হে দোষ কোটিল্য থাকিতে !
কিন্তু এবে রণসিংহ ! জীবন থাকিতে
সুকোমল তব দেহে, দেবে না বেদনা
কখনই বীরসিংহ ! বাল্যাদাধি তুমি
করেছ সম্মান অতি, দিয়েছ শুলিয়া
সরলে হৃদয় দ্বার, মেনেছ আদেশ
সদা আজ্ঞা বহ হয়ে । কি আশৰ্চর্য ওহে !
দেই তুমি রণসিংহ ! দেই না তোমার
কপট শূন্য হৃদয় ! উঃ, কালে কি না হয় !
দাকু, সহিতেছি সব ; চিন্তু তা ও বলি,
আমার মুখের গ্রাস কাড়িয়া লইতে
বাসনা যখন তব, তার প্রতীকার
অবশ্য হইবে এবে । দেখিবে দেখিবে
শীত্র কুকৰ্ম্মের ফল ? আমি কি সে বন্ধু
তোমার ? সুস্থ কভু ধনীর দরিদ্র !

রণ । (থাম) বুথা বাহ্য আড়ম্বর কের্ন করিস্ আর ?
বীরত্ব বন্ধুত্ব তোর জানি ভাল মতে ।
কি আশৰ্চর্য ! শৈলশৃঙ্গে—হিমাদ্রি শিখরে—
পদুর বাসনা এবে আরোহণ করি !

ମାକମା କି ପଦ ଦିଯା, ନିର୍ଦ୍ଦିତ କେଶରୀ
 କେଶର କଳାପ ପାରେ ଆକର୍ଷିତେ ? ଯାକ୍,
 ଏ ବାସନା ପରିହର । ଶୃଗାଲ ହଇଯା,
 କି ସାହସେ ବ୍ୟାତ୍ର ମୁଖ ଆତ୍ମାନିବେ ବଳ ?
 ବୀର । କି—ଆମି କି ଭୟ କରି ତୋମାର ବିକ୍ରମେ ?
 ମାଯାର ମାଯାତେ ଆର କେନ ହେ ମାତିଛ ?
 ଅଭୀର ବିକ୍ରମ ମୋର ପ୍ରସିଦ୍ଧ ଜଗତେ ।
 ଅହ୍ବ ! ଆମାର ସହ ତୋମାର ବିକ୍ରମ ?
 ଭାବିତେ ବିଦରେ ବୃକ୍ଷ—ଶୋନ୍ତ୍ର ରଣସିଂହ !
 ଶୁକ ପାକି ସମ ତୁଇ—ଶାର୍ଦୁଲ ଆନନ୍ଦ
 ହୁମିତେ କରିସ୍ ଇଚ୍ଛା ? ମୂର୍ଖ ! କି ସାହସେ
 ଭାଲ, ଦର୍ପିତ ଭୁଜନ୍ଦ କରିବି ପେବଣ
 ଚକ୍ର ଦିଯା ? ଧିକ୍ ତୋରେ, ଧିକ୍ ତୋର ଜ୍ଞାନେ ?
 ଗଜେନ୍ଦ୍ର ନିକଟେ ତୁଇ କୁନ୍ଦଜୀବ ଭେକ
 ଜାନିସ୍ ନେ ? କି ସାହସେ ହଇଲି କୁପିତ ?
 ହା�ୟ !—ଶୃଙ୍ଗୀ କୌଟିଓ କି ଶୃଙ୍ଗୀ ସହ ଯୁଦ୍ଧେ
 ଶୃଙ୍ଗେର ଗୋରବେ ? ମୂର୍ଖ ! ଶ୍ଵିର ହେ, ତାଜ
 ଏ ବାସନା । କେନ ବୃଥା ଭମିତେହ ଭମେ ?
 ରଣ । (ଅତ୍ୟନ୍ତ କ୍ରୋଧେ ଆମ୍ବାଲନପୂର୍ବକ ଯୁରିତେ ଯୁରିତେ)
 କର ଦିଯା ସଦି ନର ବିଦଲିତେ ପାରେ
 ପାରାଣ, ଅଥବା ଅନ୍ଧ, ଚିତ୍ରିତ ଭବନେ

দেখে যদি চিৰাবলি, ঘৰীচিকা জলে
 যদি স্বান কৱে কেহ পুণ্য কৃতুহলী ?
 কণীমুখ চুৰি যদি চুম্বে প্ৰিয়ামুখ ?
 কৱ দিৱা যদি কেহ ঢাকে অংশুমালী ?
 রিঙ্ক পদে স্বৰ্থে যদি বিচৰিতে পারে
 সুশাণিত অসিধাৰে ? দক্ষ বক্ষ দিৱা
 যদি কেহ কড়ু পারে ভাসিতে কুঠাৰ ?
 কিংবা কুদু পঞ্চাঙ্গলি মানে যদি কেহ
 পারে গগণ মাপিতে ? আনন্দে চৰিতে
 যদি কেহ কড়ু পারে আয়স চণক ?
 অথবা অঙ্গাৰ শব্দা পাতিয়া বে স্বৰ্থে
 সুমুঠ হইতে পারে ?—জেন বৌৰসিংহ !
 সেই যম প্ৰতিবন্ধী আছয়ে জগতে !
 আমাৰ সমুখে তব দৈদৃশ বিক্ৰম ?
 কৱিও না, নাহি লজ্জা ? নাহি অপমান ?
 হায় ! তুমি বাখানিলা ঘোৱে অনায়াসে ?
 আজি তব সিংহদৰ্প খৰ্ব কৱি আমি
 চুম্বিব প্ৰিয়াৰ পাণি তোমাৰি সমুখে ?
 বামন মানব হ'য়ে, গগণ বিহাৰী
 শলী, দেখিব দেখিব, কিন্তু পে কৱে ধৰে !
 বীৱ। রণসিংহ ! কোৱো নাক এত অস্ফালন !

অতি দর্পে লক্ষ্মানাথ সবৎশে নির্বাণ !
 হিরণ্য কশিপু আদি, আদি দৈত্য গণ
 মহাবল পরাক্রান্ত তাঁহারাও হত
 না বুঝো নিজের বল । এখন ও বলি,
 দেখ চেয়ে আত্মাপানে ; বুঝ বলাবল ।
 কেন তুমি বৃথা এবে রাজিল (*) হইয়া
 যুদ্ধ করিতে উদ্ভৃত গৰড়ের সনে ?
 কি আশ্চর্য হে তোমার বুদ্ধিবিবেচনা ?
 খণ্ডোত্ত প্রতাবে তুমি পরাজিবে রবি ।
 ধন্ত সাহস তোমার ? বলিহারি তোয়ে,
 কৃপ হয়ে স্পর্ধা এবে জলনিধি সহ ?
 হরিণ বালক হয়ে সিংহসনে বাদ ?
 নাশিব এবার তোরে, আর রক্ষা নাই,
 কেলিয়া ভূমে ত্রি অঙ্গ, দলিত করিব
 অকাতরে ; যথা করী—অশ্বথবিটপৌ
 শুণে ধরি পদতলে দলিয়া নাশয়ে ।
 কিন্তু হায় ! জন শ্রতি আছে চিরকাল,
 নির্বলীর প্রতি বলী করয়ে করণ !

